# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Boishakh 03, 1431 Bangla, April 16, 2024, Tuesday, No. 107, 54th year

# H I G H L I G H T S

AL GS Obaidul Quader alleges, BNP had been fuelling communal attacks in the country - he also demands apology from Fakhrul Islam Alamgir if he could not provide the list of detained leaders and activists. [R. Tehran: 6]

State Minister of Information and Broadcasting Mohammad Ali Arafat says it is undesirable and regrettable that Udichi made negative statements ignoring directives by govt in interest of public safety. [R. Today: 9]

BNP SJSG R K Rizvi complains against AL GS stating he is creating confusion regarding Bangla culture, adds, questions will be raised about geographical boundaries of Bangladesh if his assertion is considered. [R. Today: 9]

Bangladesh's GDP growth slowed in the second quarter. It grows by 3.78 percent. This rate has decreased by 3.3 percent compared to the growth in the second quarter of the previous year. [VOA: 4]

14 Myanmar border guarding force members have fled to Bangladesh through Teknaf border in Cox's Bazar. [R. Today: 8]

Border Security Force of India has apprehended a Bangladeshi national from Lalmonirhat border. [Jago FM: 14]

A Chattogram court has issued arrest warrant against former DUCSU VP Nurul Haque Nur for allegedly making derogatory remarks against PM and Education Minister. [Jago FM: 18]

As of 9th April 2024 this year, 1,789 people were infected and 22 people have died from dengue. [DW: 7]

Sexual harassment is on the rise in all educational institution. Every day women are being tortured somewhere in the country. In most of these cases, precedent cannot be established in the penal system. [Jago FM: 15]

A UP member named Rubel was shot and hacked to death in broad daylight in Narsingdi by miscreants. [Jago FM: 15]

The country's stock market fell sharply yesterday, the first working day after the Eid al-Fitr holiday. All indices also fell sharply. The transaction decreases to 300 crore taka. [Jago FM: 14]

Media reports suggest that Israel is considering counter-attacks against Iran, which has carried out massive drone and missile attacks on Israel. [NHK: 8]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ০৩, বাংলা ১৪৩১, এপ্রিল ১৬, ২০২৪, মঙ্গলবার, নং-১০৭, ৫৪তম বছর**

# শিরোনাম

জেলে বন্দি থাকা নেতাকর্মীর সংখ্যা নিয়ে বিএনপি মিথ্যাচার করছে বলে দাবি করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক, সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের; আটক নেতাকর্মীদের তালিকা না দিতে পারলে বিএনপি মহাসচিব ফখরুল ইসলাম আলমগীরকে ক্ষমা চাওয়ার আহ্বান। [রেডিও তেহরানঃ ৬]

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত বলেছেন জননিরাপত্তার স্বার্থে সরকারের জারি করা নির্দেশনা উপেক্ষা করে উদীচীর অনুষ্ঠান করা ও নেতিবাচক বিবৃতি দেয়া অনাকাঙ্ক্ষিত ও দুঃখজনক। [রেডিও টুডেঃ ৯]

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন বাংলা সংস্কৃতি নিয়ে বিভ্রান্তি তৈরি করছেন ওবায়দুল কাদের। তার বক্তব্য আমলে নিলে এদেশের ভৌগোলিক সীমারেখা নিয়ে প্রশ্ন উঠবে। [রেডিও টুডেঃ ৯]

দ্বিতীয় প্রান্তিকে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধি কমেছে। জিডিপি প্রবৃদ্ধি হয়েছে ৩.৭৮ শতাংশ । আগের বছরের দ্বিতীয় প্রান্তিকে প্রবৃদ্ধির তুলনায় এই হার কমেছে ৩ দশমিক ৩ শতাংশ। [ভোয়া: ৪]

কক্সবাজারের টেকনাফ সীমান্ত দিয়ে গত ২৪ ঘন্টায় মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর ১৪ সদস্য পালিয়ে বাংলাদেশ আশ্রয় নিয়েছে। [রেডিও টুডেঃ ৮]

লালমনিরহাটের হাতীবান্ধা সীমান্ত থেকে বাংলাদেশি এক যুবককে ধরে নিয়ে গেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী। [জাগো এফএমঃ ১৪]

প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে নিয়ে কটুক্তির অভিযোগে ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নূরের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন চট্টগ্রামের একটি আদালত। [জাগো এফএমঃ ১৮]

চলতি বছর ৯ এপ্রিল পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মারা গেছেন ২২ জন। এ সময়ের মধ্যে ১ হাজার ৭৮৯ জন আক্রান্ত হয়েছেন। [ডয়েচে ভেলেঃ ৭]

নারীর প্রতি যৌন নিপীড়ন বা সহিংসতা বেড়েই চলছে। প্রতিদিনই দেশের কোথাও না কোথাও নির্যাতনের শিকার হচ্ছেন নারী। তবে এসব ঘটনায় বেশিরভাগ ক্ষেত্রে শাস্তিমূলক ব্যবস্থায় দৃষ্টান্ত স্থাপন করা যাচ্ছে না। [জাগো এফএমঃ ১৫]

নরসিংদীতে প্রকাশ্য দিবালোকে জনসম্মুখে রুবেল নামের এক ইউপি কে সদস্য গুলি ও কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। [জাগো এফএমঃ ১৫]

ইদুল ফিতরের ছুটি শেষে প্রথম কার্যদিবস সোমবার দেশের শেয়ারবাজারে ঢালাও দরপতন হয়েছে। সবকটি মূল্যসূচকের বড় পতন হয়েছে। সেইসঙ্গে লেনদেন কমে ৩০০ কোটি টাকার ঘরে চলে এসেছে। [জাগো এফএমঃ ১৪]

সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে যে ইসরায়েল ইরানের বিরুদ্ধে পাল্টা হামলার কথা বিবেচনা করছে, যারা ইসরায়েলের উপর ব্যাপক ড্রোন এবং ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। [এনএইচকেঃ ৮]

# বিবিসি

## চিনি উৎপাদনে আখের বিকল্প হতে পারতো যে ফসল

বাংলাদেশে যতটুকু চিনি উৎপাদন করা হয় তার পুরোটাই তৈরি হয় আখ থেকে। যদিও দেশে চালু থাকা নয়টি রাষ্ট্রায়ত্ত চিনি কলে যে পরিমাণ চিনি উৎপাদন হয়, তা বাংলাদেশের বার্ষিক চাহিদার পাঁচ শতাংশেরও কম। কিন্তু গবেষক ও বিশেষজ্ঞরা মনে করেন এই চিত্র পরিবর্তন করা সম্ভব আখের পাশাপাশি নতুন ফসল সুগারবিট থেকে চিনি তৈরি করে। বাংলাদেশের কৃষি গবেষকরা দেশের মাটিতে সফলভাবে সুগারবিট উৎপাদন করেছেন। এই ফসলের উৎপাদন সম্ভাব্যতা যাচাই শেষে তারা সিদ্ধান্তে এসেছিলেন যে সুগারবিট থেকে আখের চেয়ে কম সময়ে চিনি উৎপাদন করা সম্ভব। তবে সুগারবিট চাষের পরীক্ষামূলক প্রকল্প সফল হওয়ার পর বাণিজ্যিকভাবে চাষের প্রকল্প হাতে নেওয়া হলেও বাংলাদেশে শেষ পযর্ন্ত সুগারবিট চাষ ও সুগারবিট দিয়ে চিনি তৈরির কার্যক্রম আলোর মুখ দেখেনি। সুগারবিট অনেকটা মিষ্টি আলু জাতীয় একটি উদ্ভিদ, যেটির মূলে উচ্চ মাত্রায় সুক্রোজ থাকে। পৃথিবীর অনেক দেশেই সুগারবিট থেকে বাণিজ্যিকভাবে সাদা চিনি উৎপাদন করা হয়। সাদা চিনির পাশাপাশি গুড় ও লাল চিনিও তৈরি হয়ে থাকে সুগারবিট থেকে। সুগারবিটের মূলকে কুচি কুচি করে কেটে এটিকে পানির সাথে মিশিয়ে নির্দিষ্ট তাপমাত্রায় জাল দিলে এর ভেতরে থাকা চিনি নির্গত হয়ে পানির সাথে মিশে যায়। তারপর সেই পানিকে সিদ্ধ করলে এক পর্যায়ে দানাদার চিনি পাওয়া যায়। সুগারবিট সাধারণত শীত প্রধান দেশের ফসল হলেও নাতিশীতোষ্ণ এলাকাতেও এটি হয়ে থাকে। গবেষকরা বলছেন, আখ উৎপাদন করতে এক বছর সময় লাগলেও সুগারবিট শীতের পাঁচ মাসেই উৎপাদন করা সম্ভব। পাশাপাশি আঁখের সাথে একই জমিতে সাথী ফসল হিসেবেও সুগারবিট উৎপাদন করা সম্ভব। আখের তুলনায় সুগারবিট থেকে চিনি উৎপাদনে কিছুটা বেশি খরচ হয়। আখের ক্ষেত্রে ফসলের রস নিয়ে সেটিকে তাপ দিয়ে চিনি উৎপাদন করা হয়। তাপ দেয়ার ক্ষেত্রে জ্বালানি হিসেবে আখের বাকি অংশই সাধারণত ব্যবহার করা হয়। আর সুগারবিটের ক্ষেত্রে বিটকে ছোট করে কেটে সেটিতে পানি মিশিয়ে তাপ দিয়ে চিনি আলাদা করা হয়। এই প্রক্রিয়ার জন্য আলাদা যন্ত্রপাতি প্রয়োজন হয়।

বিশ্বের মোট উৎপাদিত চিনির ৮০ ভাগই আসে আখ থেকে। সবচেয়ে বেশি চিনি উৎপাদন করে ব্রাজিল আর ভারত। বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট ২০১০-১১ থেকে প্রায় আট বছর বাংলাদেশে সুগারবিট উৎপাদনের সম্ভাব্যতা যাচাই বাছাই করে। এই সময়ে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত চিনি কলের জমিতে আখ চাষীদের সুগারবিট চাষের প্রশিক্ষণ দেয়া হয়। এই গবেষণার সাথে শুরু থেকেই জড়িত ছিলেন কৃষি গবেষক সোহরাব হোসেন, যিনি বর্তমানে ঠাকুরগাওঁয়ের ইক্ষু গবেষণা কেন্দ্রের বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে কর্মরত রয়েছেন। মি. হোসেন বলছিলেন, "প্রায় আট বছর তিন ধাপে গবেষণা করে আমরা সিদ্ধান্তে পৌঁছাই যে, বাংলাদেশে সুগারবিট উৎপাদন করা সম্ভব। উত্তরাঞ্চলের পাশাপাশি দক্ষিণের লবণাক্ত পানির অঞ্চলেও সুগারবিট চাষ করেছি।" দেশে ২০১০ থেকে ২০১৮ সাল পর্যন্ত ১২টি চিনি কল এলাকায় এক হাজারের বেশি আখ চাষীকে সুগারবিট উৎপাদনের প্রশিক্ষণ দেয়া হয় পাইলট প্রকল্পের অধীনে। এই প্রশিক্ষণের পুরোটাই ছিল গবেষণা প্রকল্পের অংশ, তাই এ সময় আখ চাষীদের জমিতে সুগারবিট চাষ না করে চিনি কলের নিজস্ব জমিতে এই গবেষণা চালানো হয়। গবেষণার সাথে জড়িত থাকা ব্যক্তিরা বলছেন, জমিতে ফলন এবং চিনি উৎপাদনের হার – দুই হিসেবেই আখের চেয়ে বেশি লাভজনক সুগারবিট। "এক একর জমিতে ৩০ থেকে ৪০ টন সুগারবিট উৎপাদন করা সম্ভব, যেখানে এক একর জমিতে বাংলাদেশে ২০-২৫ টন আখ উৎপাদন করাই কঠিন হয়ে পড়ে," বলছিলেন কৃষিবিদ সোহরাব হোসেন। "আখের ক্ষেত্রে এমন দেখা যায় যে, কারও জমিতে অনেক ফলন হয় আবার কারও জমিতে খুব কম ফলন হয়। কিন্তু সুগারবিট প্রায় সব জমিতেই একই ধরণের ফলন হয়।" এছাড়া সুগারবিটে আখের তুলনায় প্রায় দ্বিগুণ পরিমাণ চিনি থাকে। একশো কেজি আখ থেকে যেখানে সর্বোচ্চ সাত কেজি চিনি উৎপাদন করা সম্ভব, একই পরিমাণ সুগারবিট থেকে উৎপাদিত চিনির পরিমাণ সেখানে ১২ থেকে ১৩ কেজি হয়ে থাকে। সোহরাব হোসেন বলছিলেন, উৎপাদনশীল জাতের আখের অভাব, সময়ের আগে বা পরে আখ কাটা, চিনি কলে পৌঁছানোর আগে আখ শুকিয়ে যাওয়া, কারখানার ভুলত্রুটি – এরকম নানা কারণে বাংলাদেশে যে পরিমাণ আখ উৎপাদন হতে পারে, সেটা হয়না। বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের গবেষকরা দুই ধরনের সুগারবিটের জাতও উদ্ভাবন করে যেগুলো বাংলাদেশের লবণাক্ত মাটিতে সহজে, কম খরচে চাষ করা যায়। বাংলাদেশে বিভিন্ন এলাকায় চিনি কলে পরীক্ষামূলকভাবে সুগারবিট চাষ করা হলেও কৃষকরা নিজে থেকে সুগারবিট চাষ করেননি। চাষের ক্ষেত্রে বীজ দেয়া থেকে শুরু করে চাষ পরবর্তী সার্বিক সহায়তাও সবসময় ইক্ষু গবেষণা ইনস্টিটিউটের পক্ষ থেকে দেয়া হয়েছে। আর বাংলাদেশে এই ফসলের বাজার না থাকায় এর নির্ধারিত বাজারমূল্যও নেই। তবে কয়েকজন কৃষক নিজেদের অভিজ্ঞতা থেকে ধারণা পোষণ করেন যে ফসল সময়মত বিক্রি করা গেলে সুগারবিট চাষ বেশ লাভজনক হতে পারে। ঠাকুরগাঁওয়ের একজন আখ চাষী রফিকুল হোসেন বলছিলেন যে সুগারবিট চাষে কম সময় লাগা এবং অন্য ফসলের সাথে একই জমিতে সাথী ফসল হিসেবে চাষ করা সম্ভব হওয়ায় এর চাষ বেশ লাভজনক হবে বলে

মনে করেন তিনি। তিনি বলছিলেন, "এক বিঘা জমিতে চাষ করতে ১৪-১৫ হাজার টাকার মতো খরচ হয়, বেশি সেচও লাগে না। এই খরচে এখান থেকে প্রায় দ্বিগুণ লাভ করা সম্ভব।"

ঠাকুরগাঁও ছাড়াও গাইবান্ধা, পাবনা, সাতক্ষীরার মতো যেসব অঞ্চলে কৃষকদের সুগারবিট চাষে প্রশিক্ষণ দেয়া হয়েছিল, তাদের অধিকাংশই সুগারবিট চাষ চালিয়ে যেতে আগ্রহী ছিলেন বলে জানা যায়। তবে সুগারবিট চাষ এবং এর থেকে চিনি উৎপাদনের জন্য ঠাকুরগাঁও চিনি কলকে আধুনিকায়ন ও প্রয়োজনীয় যন্ত্রপাতি কিনতে ২০১৬ সালে কয়েকশো' কোটি টাকার একটি প্রকল্প হাতে নেয়া হলেও তা শেষ পর্যন্ত বাস্তবায়িত হয়নি। ঠাকুরগাঁও সুগার মিলস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শাহজাহান কবির জানান যে প্রাথমিক ধাপের পরে ঐ প্রকল্পটির আর কোনও অগ্রগতি হয়নি। চিনি কলের তালিকাভুক্ত আখ চাষীদের সুগারবিট চাষে প্রশিক্ষণ দেয়ার কার্যক্রমও গত কয়েক বছর ধরে বন্ধ আছে বলে জানান তিনি। (বিবিসি ওয়েব পেজ:১৫.০৪.২০২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## দ্বিতীয় প্রান্তিকে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধি কমেছে

বাংলাদেশের চলতি ২০২৩-২৪ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে, মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধি হয়েছে ৩ দশমিক ৭৮ শতাংশ। এর আগের বছরের দ্বিতীয় প্রান্তিকের প্রবৃদ্ধির তুলনায় এ হার ৩ দশমিক ৩ শতাংশ হ্রাস পেয়েছে। সোমবার (১৫ এপ্রিল) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) দ্বিতীয় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) ত্রৈমাসিক প্রবৃদ্ধির এই তথ্য প্রকাশ করেছে। বিবিএসের তথ্য অনুযায়ী, ২০২৩-২৪ অর্থবর্ষের দ্বিতীয় প্রান্তিকে জিডিপি বৃদ্ধির হার হয়েছে ৩ দশমিক ৭৮ শতাংশ। ২০২২-২৩ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে প্রবৃদ্ধি ছিলো ৭ দশমিক শূন্য ৮ শতাংশ এবং ২০২১-২২ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে প্রবৃদ্ধি ছিলো ৯ দশমিক ৩০ শতাংশ। দ্বিতীয় ত্রৈমাসিকে কৃষি খাতে প্রবৃদ্ধি হয়েছে ৪ দশমিক ৬৫ শতাংশ; ২০২২-২৩ অর্থবছরের দ্বিতীয় ত্রৈমাসিকে এ হার ছিলো ৪ দশমিক ২২ শতাংশ এবং ২০২১-২২ অর্থবছরের দ্বিতীয় ত্রৈমাসিকে ছিলো ২ দশমিক ২০ শতাংশ। শিল্প খাতে প্রবৃদ্ধি হয়েছে ৩ দশমিক ২৪ শতাংশ। এটি ২০২২-২৩ অর্থ বছরের দ্বিতীয় ত্রৈমাসিকে ছিলো ১০ শতাংশ এবং ২০২১-২২ অর্থ বছরের দ্বিতীয় ত্রৈমাসিকে ছিলো ১৪ দশমিক ৫০ শতাংশ ছিল। এছাড়া ২০২৩-২৪ অর্থবছরে, দ্বিতীয় প্রান্তিকে সেবা খাতে প্রবৃদ্ধি হয়েছে ৩ দশমিক শূন্য ৬ শতাংশ। ২০২২-২৩ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে এই হার ছিলো ৬ দশমিক ৬২ শতাংশ এবং ২০২১-২২ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে ছিলো ৭ দশমিক ২৫ শতাংশ প্রবৃদ্ধি। বাংলাদেশ সরকারের সিদ্ধান্ত অনুযায়ী এবং আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) পরামর্শ মতে, ত্রৈমাসিক জিডিপি প্রাক্কলন করে থাকে বিবিএস। বিশ্বের অন্যান্য দেশের মতো বিবিএস উৎপাদন পদ্ধতিতে ত্রৈমাসিক জিডিপি প্রাক্কলন করে। আর, উৎপাদন ও ব্যয়ের ওপর নির্ভর করে বার্ষিক জিডিপি অনুমান করা হয়। (ভোয়া ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ এলিনা)

## ছুটি শেষে কর্মস্থলে ফিরছে মানুষ, ঢাকায় এখনো ছুটির আমেজ

বাংলাদেশে শেষ হয়েছে ঈদুল ফিতর ও বাংলা নববর্ষের ছুটি। কর্মস্থলে ফিরতে শুরু করেছে মানুষ। ছুটি শেষ হলেও, রাজধানী ঢাকায় এখনো ছুটির আমেজ। ঈদুল ফিতর ও পহেলা বৈশাখের ছুটি শেষে সোমবার (১৫ এপ্রিল) অফিস-আদালত, ব্যাংক-বিমা ও শেয়ারবাজার খুলেছে। ঈদুল ফিতরের আগে, শেষ কার্যদিবস ছিলো ৯ এপ্রিল। ঈদ ও বাংলা নববর্ষ মিলিয়ে সরকারি কর্মচারীদের ছুটি শুরু হয়েছিলো ১০ এপ্রিল থেকে, শেষ হয় ১৫ এপ্রিল। তবে অনেকেই ৮ এবং ৯ এপ্রিল দুদিনের ঐচ্ছিক ছুটি নিয়ে টানা ১০ দিন ছুটি কাটিয়েছেন। সোমবার (১৫ এপ্রিল) থেকে সব অফিস-আদালত শুরু হওয়ায়, কর্মস্থলে যোগ দিতে সকাল থেকেই ট্রেন, বাস ও লঞ্চে করে অনেকে ঢাকায় ফিরছেন। যাত্রীরা জানিয়েছেন, ফিরতি যাত্রায় কোনো ঝামেলা পোহাতে হয়নি। রাস্তা-ঘাট ফাঁকা থাকায় বাসযাত্রীরা নির্বিঘ্নে দ্রুত সময়ের মধ্যে ঢাকায় ফিরতে পেরেছেন। সোমবার গাবতলী বাস টার্মিনালে তুলনামূলক কম ভিড় দেখা গেছে। নওগাঁ থেকে আসা এক যাত্রী জানান, সড়কে কোনো যানজট নেই। ঈদের ফিরতি যাত্রায় সড়ক পথে ভোগান্তি না থাকলেও ট্রেনে ছিলো উপচে পড়া ভিড়। ঢাকা-চট্টগ্রাম রুটের তূর্ণা এক্সপ্রেস, উত্তরাঞ্চলের একতা এক্সপ্রেস এবং অন্য প্রায় সব ট্রেনেই ভিড় ছিলো চোখে পড়ার মতো।

এদিকে, দক্ষিণাঞ্চল থেকে লঞ্চযোগে ঢাকায় ফেরা মানুষের চাপ বেড়েছে। বাংলাদেশ নৌ-পরিবহন কর্তৃপক্ষ থেকে প্রাপ্ত তথ্যানুসারে দেখা যায়, সোমবার সকাল ৮টা পর্যন্ত সদরঘাটে ৭৮টি লঞ্চ দক্ষিণাঞ্চলের বিভিন্ন গন্তব্য থেকে ঢাকায় এসেছে। ঘরে ফেরা মানুষের চাপ সামলাতে প্রায় সব লঞ্চ ঢাকায় যাত্রী নামিয়ে ফের যাত্রী আনতে দ্রুত টার্মিনাল ত্যাগ করছে। এ বিষয়ে বিআইডব্লিটিএর কর্মকর্তা আলমগীর হোসেন বলেন, সকাল ৮টা পর্যন্ত ৭৮টি লঞ্চ ঢাকায় এসেছে। যেখানে গতকাল (১৪ এপ্রিল) একই সময়ে ৯১টি লঞ্চ রাজধানীতে এসেছে বলে জানান তিনি। সোমবার সকালে ঢাকা-খুলনা মহাসড়কের রাজবাড়ীর দৌলতদিয়া ঘাট এলাকা ছিলো ফাঁকা। তবে ফেরির চেয়ে লঞ্চে যাত্রী বেশি পার হয়। যানজট ও ভোগান্তি না থাকায় স্বস্তিতে ফিরছে ঢাকামুখী যাত্রীরা। তবে লঞ্চ ঘাটে যাত্রীর চাপ কিছুটা বেশি দেখা যায়। ঘাট তত্বাবধায়ক মনির হোসেন বলেন, দৌলতদিয়া ঘাটের আগের পরিস্থিতি আর বর্তমান পরিস্থিতির মধ্যে অনেক

পার্থক্য। সেতু চালুর আগে ঈদের ছুটি শেষে নদী পাড়ি দিতে আসা গাড়িতে ঘাট এলাকায় ৬-৭ কিলোমিটার যানজট হতো। এখন যানজট নেই, ভোগান্তিও নেই। পুলিশ জানায়, রবিবার সকাল ৬টা থেকে সোমবার সকাল ৬টা পর্যন্ত ২৪ ঘণ্টায় দৌলতদিয়া দিয়ে ৫২১টি বাস, ২৯২টি ট্রাক, ১ হাজার ৬১৭টি ছোট গাড়ি ও ১ হাজার ৫১৪টি মোটরসাইকেল নদী পাড়ি দিয়েছে।

ঈদুল ফিতর ও পহেলা বৈশাখের ছুটি কাটিয়ে নগরবাসী রাজধানীতে ফিরতে শুরু করলেও, ঢাকা শহর এখনো ফেরেনি তার চিরচেনা রূপে। রাস্তার পাশের বেশিরভাগ দোকান,শপিং মল বন্ধ। সোমবার রাজধানীর রাস্তায় খুবই কম সংখ্যক যানবাহন চলাচল করতে গেছে। ঢাকার অধিকাংশই রাস্তায় ফাঁকা। সোমবার সরকারি, আধা-সরকারি ও বেসরকারি অফিস এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো খুললেছে। তবে, কর্মচারীদের উপস্থিতি ছিলো কম। সকালে মালিবাগ, শান্তিনগর, গুলশান, ফার্মগেট, ধানমন্ডি, মিরপুর ও শাহবাগ এলাকায় স্বল্পসংখ্যক বাস ও ব্যক্তিগত যানবাহন চলাচল করতে দেখা গেছে। বেসরকারি ব্যাংকের কর্মকর্তা মো. ইউসুফ বলেন, "এখনো শহরে উৎসবের পরিবেশ বিরাজ করছে। রাস্তায় কোনো যানজট বা বিশৃঙ্খলা নেই। রাজারবাগ এলাকা থেকে গুলশানে পৌঁছাতে মাত্র ৬ মিনিট সময় লেগেছে। অথচ অন্য সময় ৩০ থেকে ৪০ মিনিট লাগে। এটি ঢাকাবাসীর জন্য সাময়িক স্বস্তি।" ছুটিতে ঢাকার বাইরে যাওয়া সরকারি-বেসরকারি খাতের চাকরিজীবীদের অনেকেই ঐচ্ছিক ছুটি নিয়েছেন। ফলে, অফিস-আদালত, ব্যাংক ও শেয়ারবাজারে পুরোদমে কার্যক্রম শুরু হতে আরো কয়েকদিন সময় লাগবে; জানান এই বেসরকারি ব্যাংকের কর্মকর্তা। এদিকে স্কুল-কলেজ খুলবে আগামী সপ্তাহে। তারপর চিরচেনা রূপে ফিরে আসবে রাজধানী ঢাকা।

(ভোয়া ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ এলিনা)

## ২০ এপ্রিলের মধ্যে দুবাই পৌঁছাবে এমভি আব্দুল্লাহ

সোমালিয়ার জলদস্যুদের কবল থেকে মুক্তি পাওয়া বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ, নাবিকদের নিয়ে ২০ এপ্রিলের মধ্যে দুবাই পৌঁছাবে। সোমবার (১৫ এপ্রিল) এ কথা জানিয়েছেন বাংলাদেশের নৌ-পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। "জলদস্যুদের হাত থেকে মুক্তি পাওয়া জাহাজ এমভি আব্দুল্লাহ এখন দুবাইয়ের পথে। এই জাহাজ ১৯ বা ২০ এপ্রিল দুবাইয়ে পৌঁছাবে;" বলেন খালিদ মাহমুদ। তিনি আরো বলেন, মূল লক্ষ্য ছিলো ২৩ নাবিককে নিরাপদে দেশে ফিরিয়ে আনা এবং সেটা সম্ভব হয়েছে। "প্রধানমন্ত্রী শেখ হাসিনা সবসময় এ বিষয়ে সজাগ ছিলেন। পররাষ্ট্র মন্ত্রণালয়, নৌ-পরিবহন দফতর, আন্তর্জাতিক নৌ উইংগুলো কাজ করেছে;" যোগ করেন তিনি। মুক্তিপণ দেয়ার ছবির বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে প্রতিমন্ত্রী বলেন, "এটা কোন সিনেমার ছবি আমি জানি না। এমন ছবি তো আমরা অনেক চলচ্চিত্রে দেখি। কোন ছবি কোথায় গিয়ে কীভাবে যুক্ত হয়েছে, কোনটার সঙ্গে কোনটা যুক্ত করে এডিট হয়েছে, আমি জানি না।" খালিদ মাহমুদ চৌধুরী আরো বলেন যে এখন পুরো বিষয়টি জাহাজ মালিক ও নাবিকদের সঙ্গে সমঝোতার বিষয়। নাবিকরা কত দিনের জন্য চুক্তিবদ্ধ হয়ে গেছেন, সেই চুক্তি তারা বহাল রাখবেন, নাকি তারা ফিরে আসবেন তা নির্ধারিত হবে দুই পক্ষের আলোচনার মধ্য দিয়ে। প্রতিমন্ত্রী জানান যে মালিক পক্ষ বলেছে, নাবিকরা যদি চান বাংলাদেশে ফিরে আসবেন, তাহলে তাদের বিমানযোগে বাংলাদেশের নিয়ে আসা হবে।

(ভোয়া ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ এলিনা)

## বাংলাদেশে আরো ৫ দিন অব্যাহত থাকবে তাপপ্রবাহ, জানিয়েছে আবহাওয়া বিভাগ

বাংলাদেশের প্রকৃতিতে এই বছরে এখনো কালবৈশাখী নেই; নেই ভারী বৃষ্টির শীতল পরশ। চৈত্রের শেষ দিকে কিছু এলাকায় ঝড়-বৃষ্টি হলেও, তা ছিলো অনেকটা স্থানীয়। আবহাওয়া অফিস বলছে, চলমান তাপপ্রবাহ অব্যাহত থাকবে অন্তত আরো পাঁচ দিন। বাংলাদেশে ঢাকাসহ ছয়টি বিভাগে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা আগামী পাঁচ দিন এই পরিস্থিতি অব্যাহত থাকতে পারে। সোমবার (১৫ এপ্রিল) পূর্বাভাসে এই তথ্য জানিয়েছে বাংলাদেশের আবহাওয়া দফতর। এর আগে, আবহাওয়া দফতর বলেছিলো, ১৬ ও ১৭ এপ্রিলে তাপমান সামান্য কমতে পারে। তারপর আবার শুরু হবে তাপপ্রবাহ। রবিবার (১৪ এপ্রিল) বাংলাদেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে রাঙামাটিতে ৪০ ডিগ্রি সেলসিয়াস। পূর্বাভাস বলছে, রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম, সিলেট বিভাগ এবং রংপুর ও নীলফামারী জেলায় মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকবে। সোমবার সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে আরো বলা হয়েছে, সারাদেশে দিনের তাপমাত্রা এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় পশ্চিমবঙ্গের নিম্নচাপের বর্ধিতাংশ এবং দক্ষিণ বঙ্গোপসাগরে মৌসুমী লঘুচাপ অবস্থান করছে। মঙ্গলবার (১৬ এপ্রিল) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা অথবা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এতে আরো বলা হয়েছে, বুধবার (১৭ এপ্রিল) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগে বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। বাংলাদেশের অন্যতম তাপপ্রবাহ প্রবণ এলাকা চুয়াডাঙ্গা-মেহেরপুর। তীব্র গরমের বিরূপ প্রভাব পড়েছে এই অঞ্চলের জনজীবনে। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে

বাড়ছে সূর্যের দাপট। এর প্রভাব পড়ছে প্রাণ-প্রকৃতিতে। বৈরী আবহাওয়ায় অসুস্থ হয়ে পড়ছেন বয়স্ক ব্যক্তি ও শিশুরা। এক সপ্তাহ আগে শুরু হয়েছে এই তাপপ্রবাহ। জীবন-জীবিকার প্রয়োজন ছাড়া বাড়ি থেকে বের হচ্ছে না মানুষ। অসুস্থ হয়ে পড়ছেন প্রায় সব বয়সী মানুষ। শিশুরা বেশি আক্রান্ত হচ্ছে ডায়রিয়ায়। শনিবার (১৩ এপ্রিল) এই জেলার সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৮ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। এসময় বাতাসের আর্দ্রতা ছিলো ২০ শতাংশ। এর আগে গত ১ এপ্রিল এ জেলার সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল ৩৮ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। রবিবার (১৪ এপ্রিল) বিকাল ৩টায় চুয়াডাঙ্গা প্রথম শ্রেণির আঞ্চলিক আবহাওয়া অফিস জানিয়েছে, চলতি সপ্তাহে চুয়াডাঙ্গা-মেহেরপুর অঞ্চলে তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে যেতে পারে। রবিবার দুপুর ১২টায় তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল ৩৬ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং এসময় বাতাসের আর্দ্রতা ছিলো ৩২ শতাংশ। বিকাল ৩টায় চুয়াডাঙ্গা ও মেহেরপুরে সর্বোচ্চ তাপমাত্রা ছিলো ৩৮ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস; বাতাসের আর্দ্রতা ছিলো ২১ শতাংশ। আবহাওয়ার সতর্ক বার্তায় বলা হয়েছে, সাতদিন মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ অব্যাহত থাকতে পারে এবং দিনে ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান বলেন, মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ এই এলাকায় বয়ে চলেছে। আরো কিছু দিন এই তাপপ্রবাহ অব্যাহত থাকতে পারে। তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস ছাড়াতে পারে বলে জানান তিনি। গত বছর চুয়াডাঙ্গা অঞ্চলে তাপমাত্রা রেকর্ড করা হয়; ১৫ এপ্রিল ৪২ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, ১৬ এপ্রিল ৪১ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, ১৭ এপ্রিল ৪২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, ১৮ এপ্রিল ৪০ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, ১৯ এপ্রিল ৪২ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস এবং ২০ এপ্রিল ৪২ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। উল্লেখ্য যে, ৩৬ থেকে ৩৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা হলে মৃদু তাপপ্রবাহ এবং ৩৮ থেকে ৩৯ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস হলে মাঝারি তাপপ্রবাহ বলা হয়। আর, তাপমান এর উপরে উঠলে তীব্র তাপপ্রবাহ হিসেবে বিবেচনা করা হয়। (ভোয়া ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ এলিনা)

### বাংলাদেশ সমুদ্রপথ নিরাপদ করার লক্ষ্যে কাজ করছে, জানালেন প্রতিমন্ত্রী খালিদ

সমুদ্রপথ নিরাপদ করার লক্ষ্যে কাজ করছে বাংলাদেশ। এ বিষয়ে একটি প্রস্তাব তৈরির কাজ চলছে বলে জানিয়েছেন দেশটির নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। সোমবার (১৫ এপ্রিল) ঈদের পর প্রথম কর্মদিবসে, নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন খালিদ মাহমুদ চৌধুরী। "বাংলাদেশ আন্তর্জাতিক নৌ সংস্থার (আইএমও) নির্বাচিত 'সি' ক্যাটাগরির সদস্য; ১৭৪টি দেশ আইএমও'র সদস্য। কিভাবে সমুদ্রপথ নিরাপদ করা যায়, সেই লক্ষ্যে বাংলাদেশ একটি প্রস্তাব তৈরির কাজ করছে;" যোগ করেন প্রতিমন্ত্রী খালিদ। এছাড়া, বাণিজ্যিক জাহাজগুলো যাতে বিভিন্ন ধরনের সংকটের সময়ে সমুদ্রপথে চলাচল করতে পারে, সেজন্য একটি প্রস্তাব তৈরির কাজ চলছে বলে জানান তিনি। বলেন, বাণিজ্যিক জাহাজগুলো যদি সংকটের সময়ে চলাচল করতে না পারে, তাহলে বিশ্ব বাজারে পণ্যের দাম বেড়ে যায়, অস্থিরতা বেড়ে যায়। প্রস্তাবটি দ্রুত আইএমওতে পাঠানো হবে বলে জানান খালিদ মাহমুদ চৌধুরী। তিনি বলেন,বিভিন্ন সংকটের সময় জাহাজগুলো যাতে নিরাপদে চলাচল করতে পারে, সে বিষয়ে প্রস্তাব তৈরির জন্য নৌপরিবহন অধিদফতর কাজ করছে। এটি একটি সময় সাপেক্ষ বিষয় বলে উল্লেখ করেন তিনি। বলেন, "তবে আমরা দ্রুত প্রস্তাবটি তৈরির চেষ্টা করছি।" ঈদের দিন সদরঘাট লঞ্চ টার্মিনালে লঞ্চের রশি ছিঁড়ে ৫ জন নিহত হওয়ার ঘটনায় প্রতিমন্ত্রী খালিদ বলেন, "অভ্যন্তরীণ নৌপথে যতগুলো ঘটনা ঘটেছে, সেটা সদরঘাট হোক, ভোলায় হোক, চাঁদপুরে হোক, বরিশালে হোক, মাঝ নদীতেই হোক; প্রতিটি ঘটনায় আমরা ব্যবস্থা নিয়েছি। সংশ্লিষ্টদের অপরাধীদের বিভিন্ন মাত্রায় শাস্তি হবে।"(ভোয়া ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### বন্দিদের সংখ্যা নিয়ে বিএনপি মিথ্যাচার করছে

বাংলাদেশে জেলে বন্দি থাকা নেতাকর্মীর সংখ্যা নিয়ে বিএনপি মিথ্যাচার করছে বলে দাবি করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক, সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আজ (সোমবার) দুপুরে আওয়ামী লীগ সভাপতির ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে এক ব্রিফিংয়ে ওবায়দুল কাদের একথা বলেন। আটক নেতাকর্মীদের তালিকা না দিতে পারলে বিএনপি মহাসচিব ফখরুল ইসলাম আলমগীরকে ক্ষমা চাইতে বলেছেন তিনি। ওবায়দুল কাদের বলেন, কারাবন্দি ছিল ২০ হাজার এখন সেটা ৬০ লাখ হলো কি করে? ৬০ লাখ বন্দির তালিকা অবিলম্বে প্রকাশ করুন। না হয় মিথ্যাচারের জন্য জাতির কাছে মির্জা ফখরুলকে ক্ষমা চাইতে হবে। উল্লেখ্য গত শুক্রবার বিকেলে ঠাকুরগাঁওয়ে এক শোকসভায় মির্জা ফখরুল বলেন, আমাদের ৬০ লাখ মানুষের বিরুদ্ধে মিথ্যে মামলা দেয়া হয়েছে। ৭০০-৮০০ নেতাকর্মীকে গুম করে দেয়া হয়েছে। অক্টোবর আন্দোলনের পর ২৭ হাজার নেতাকর্মীকে গ্রেপ্তার করেছে সরকার। (রেডিও তেহরান: ২০৩০ ঘ. ১৫.০৪.২০২৪ রুবাইয়া)

# ডয়চে ভেলে

## ডাবের খোসা, পুরোনো টায়ার কিনে ডেঙ্গু নিয়ন্ত্রণের চেষ্টা

সাধারণত বর্ষার ঠিক আগে আগে শুরু হয় ডেঙ্গুর প্রকোপ। বছরের মে থেকে সেপ্টেম্বর পর্যন্ত সময়টাকে ডেঙ্গুর মৌসুম ধরা হয়। সেই হিসেবে ডেঙ্গু মৌসুম শুরু হতে আরও এক মাস বাকি। তারপরও এখনই প্রতিদিনই আসছে ডেঙ্গু রোগী। ফলে এবার ডেঙ্গু ভয়াবহ রূপ নিতে পারে এমনই আশঙ্কা করছেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা। ডেঙ্গু প্রতিরোধে এবারের প্রস্তুতি কেমন? সিটি কর্পোরেশন আগে থেকেই কি ধরনের ব্যবস্থা নিয়েছে? জানতে চাইলে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মীর খায়রুল আলম ডয়চে ভেলেকে জানিয়েছেন, "পুরো বছর জুড়েই সিটি কর্পোরেশনের মশক নিধন কার্যক্রম চলে। বিশেষ করে ডেঙ্গু মৌসুমে এই কার্যক্রমটা ব্যাপকভাবে চালানো হয়। এবার নতুন করে আমরা কিছু সিদ্ধান্ত নিয়েছি যেটা বাস্তবায়নের কাজ শুরু হবে ২২ এপ্রিল থেকে। আমরা দেখেছি, স্ত্রী এডিস মশার সবচেয়ে বেশি জন্ম হয় ডাবের খোলা, পরিত্যক্ত টায়ার, দইয়ের খুটি, চিপসের প্যাকেটসহ এই ধরনের জিনিসপত্রের মধ্যে। ফলে আমাদের সর্বশেষ মিটিংয়ে আমরা এবার এগুলো টাকা দিয়ে কিনে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছি। যেমন চিপসের খালি প্যাকেট এক টাকা; দইয়ের হাড়ি, ডাবের খোসা দুই টাকা; পরিত্যক্ত টায়ার ৫০ টাকা করে কিনব। ২২ এপ্রিল থেকে এই কার্যক্রম শুরু হবে। আমরা সবার কাছ থেকেই এটা কিনব। আমরা ধারণা করছি, এতে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি হবে এবং মশা নিয়ন্ত্রণে রাখতে এটা কার্যকর ভুমিকা রাখবে।" গত কয়েক বছর ধরে সারা বছরই কম-বেশি ডেঙ্গু রোগী পাওয়া যাচ্ছে। এ বছর গত ৯ এপ্রিল পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মারা গেছেন ২২ জন। এ সময়ের মধ্যে ১ হাজার ৭৮৯ জন আক্রান্ত হয়েছেন। এখনও মৌসুম শুরু না হলেও ডেঙ্গু রোগীর চাপ কেমন? জানতে চাইলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. আসাদুজ্জামান ডয়চে ভেলেকে বলেন, "জানুয়ারি মাস থেকেই ডেঙ্গু রোগী ভর্তি হচ্ছে। এখন তুলনামূলক একটু কম। তারপরও প্রতিদিনই ডেঙ্গু রোগী ভর্তি হচ্ছে।" ডেঙ্গু মৌসুমে পরিস্থিতি সামাল দিতে প্রস্তুতি কেমন? জানতে চাইলে তিনি বলেন, "আমাদের সব সময়ই প্রস্তুতি থাকে।"

ডেঙ্গু এডিস মশাবাহিত রোগ। এ রোগের ভাইরাসের একমাত্র বাহক স্ত্রী এডিস মশা। এ মশার মাধ্যমে ভাইরাস মানবদেহে সংক্রমিত হলে ডেঙ্গু হওয়ার আশঙ্কা থাকে। ভাইরাসের কারণে সৃষ্ট জ্বরে আক্রান্ত ব্যক্তিকে এডিস মশা কামড়ালেও মশার মধ্যে ভাইরাস সংক্রমিত হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, ডেঙ্গু আক্রান্ত বাহক অন্য জায়গায় ভ্রমণের মাধ্যমে রোগটি ছড়িয়ে পড়ে। অর্থাৎ একজন আক্রান্ত ব্যক্তি যখন অন্য জায়গায় ভ্রমণ করেন, সেখানে তাকে এডিস মশা কামড়ালে সেই মশার ভেতরেও ডেঙ্গুর জীবাণু ছড়িয়ে পড়ে। বর্ষা মৌসুমে এডিস মশার প্রজনন বৃদ্ধি পায় বলে এ সময় ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব দেখা দেয়। এমন ধারণা প্রচলিত থাকলেও বিগত কয়েক বছরে দেখা গেছে, উপযুক্ত পরিবেশ পেলে বছরের যেকোনও সময় এ মশার বংশবিস্তার ঘটে এবং ডেঙ্গুরোগের প্রাদুর্ভাব দেখা দেয়। স্বাস্থ্য অধিদপ্তরের দেওয়া তথ্য অনুযায়ী, এ বছরের জানুয়ারি থেকে ৯ এপ্রিল পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৭৮৯ জন এবং মারা গেছেন ২২ জন। এর মধ্যে জানুয়ারিতে রোগী ছিল ১ হাজার ৫৫ জন, ফেব্রুয়ারিতে ৩৩৯ জন এবং মার্চে ৩১১ জন। এপ্রিলের ৯ দিনে রোগী পাওয়া গেছে ৮৪ জন। গত বছর এ যাবৎকালের সর্বাধিক ৩ লাখ ২১ হাজার ১৭৯ জন ডেঙ্গুরোগী শনাক্ত হয়। তবে তখন রোগী বেশি ছিল মে থেকে ডিসেম্বর পর্যন্ত। এ বছর জানুয়ারিতেই হাজারের বেশি রোগী পাওয়া গেছে, যা আগে কখনও পাওয়া যায়নি। ২০২২ সালের জানুয়ারিতে রোগী পাওয়া যায় ১২৬ জন, ২০২১ সালের জানুয়ারিতে রোগী ছিল ৩২ জন।

সারা বছরই কেন মানুষ ডেঙ্গুতে আক্রান্ত হচ্ছেন? জানতে চাইলে জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠানের (নিপসম) কীটতত্ত্ব বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান ড. মো. গোলাম ছারোয়ার ডয়চে ভেলেকে বলেন, "আগে আমরা বলতাম মৌসুমের মধ্যে ডেঙ্গু সীমাবদ্ধ। কিন্তু এখন এটা অনেক বেড়ে গেছে। অর্থাৎ মৌসুমের বাইরেও মানুষ ডেঙ্গুতে আক্রান্ত হচ্ছেন। জলবায়ু পরিবর্তনের কারণে এখন শীতকাল ছোট হয়ে গেছে। তাপমাত্রা, সূর্যের আলো, বাতাসের প্রবাহ সবকিছুই বর্তমান প্রেক্ষাপটে এডিস মশা জন্মানোর উপযোগী। এডিশ মশাকে নিয়ন্ত্রণ করতে গেলে সমন্বিত বাহক ব্যবস্থাপনা পদ্ধতি দরকার। শুধুমাত্র কেমিকেলের উপর নির্ভরশীল হলে চলবে না। আমাদের মনে রাখতে হবে, যেসব জায়গায় এডিস মশা জন্ম নেয় সেগুলো ধ্বংস করতে হবে। সবকিছু দিয়ে এই মশাকে নিয়ন্ত্রণের চেষ্টা করতে হবে।" আগের বছরের তুলনায় এ বছর মৃত্যুও বেড়েছে। এ বছরের জানুয়ারিতে মারা গেছেন ১৪ জন, ফেব্রুয়ারিতে ৩ জন এবং মার্চে ৫ জন। গত বছরের জানুয়ারিতে মারা যান ৬ জন, ফেব্রুয়ারিতে ৩ জন এবং মার্চে কোনও মৃত্যু ছিল না। ২০২২ সালের জানুয়ারি থেকে মে পর্যন্ত ডেঙ্গুতে কেউ মারা যায়নি। তার আগে ২০২১ সালেও এই সময়ের মধ্যে এই রোগে মৃত্যুর কোনও ঘটনা ঘটেনি। জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, এবারে পরিস্থিতি গতবারের চেয়ে নাজুক হতে পারে। সংক্রমণ ও মৃত্যু সেই পূর্বাভাস দিচ্ছে। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. মুশতাক হোসেন ডয়চে ভেলেকে বলেন, "আলামত বলছে, এবার ডেঙ্গু ভয়াবহ রূপ নিতে পারে। আগের যে কোন সময়ের চেয়ে আক্রান্ত বেশি হতে পারে। ডেঙ্গু চিকিৎসায় রোগীর ব্যবস্থাপনা ভালো থাকলে মৃত্যু কম হতে পারে। কিন্তু বাস্তবতা হলো, মশা কমানো বেশ

সময়সাপেক্ষ ব্যাপার। গত বছর দেশের প্রত্যন্ত অঞ্চলে ডেঙ্গু ছড়িয়েছে। সেখানে বেশিরভাগ রোগী প্রথমবারের মতো আক্রান্ত হয়েছেন। এবার যদি ঢাকার বাইরে পরিস্থিতি নিয়ন্ত্রণ না করা যায়, তাহলে তারা দ্বিতীয়বারের মতো আক্রান্ত হবেন। আবার নতুন নতুন রোগীও আক্রান্ত হতে পারে। এবার যদি আপনি বড় ধরনের ক্র্যাশ প্রোগ্রাম নেন তাও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে কমপক্ষে তিন বছর লাগবে। শুধু বাংলাদেশ না, সারা বিশ্বেই ডেঙ্গুর প্রকোপ বাড়ছে। কিন্তু বাংলাদেশে মৃত্যুর হার বেশি। এখানে চিকিৎসা ব্যবস্থাও ঢেলে সাজাতে হবে। সব কিছু স্বাস্থ্য বিভাগ একা করতে চাইলে পারবে না। সিটি কর্পোরেশনের যে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানগুলো আগে, সেগুলোকে কাজে লাগাতে হবে। প্রতিটি ওয়ার্ডে ডেঙ্গু পরীক্ষার ব্যবস্থা থাকতে হবে। তাহলে আপনি বুঝতে পারবেন সমস্যাটা কোথায়? এরপর সে অনুযায়ী ব্যবস্থাও নিতে পারবেন। সবকিছু মিলিয়ে সমন্বিত পদক্ষেপ দরকার।" (ডয়চে ভেলে ওয়েব পেজ:১৫.০৪.২০২৪ রিহাব)

## এনএইচকে

### ইরানের উপর পাল্টা হামলার পরিকল্পনা ইসরায়েলের, গাজায়ও উত্তেজনা বাড়ছে

সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে যে ইসরায়েল ইরানের বিরুদ্ধে পাল্টা হামলার কথা বিবেচনা করছে, যারা ইসরায়েলের উপর ব্যাপক ড্রোন এবং ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। গাজা ভূখণ্ড নিয়েও উত্তেজনা বাড়ছে কারণ ইসরায়েল দক্ষিণের শহর রাফাহতে স্থল আক্রমণ চালাতে পারে বলে জানা গেছে। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু রবিবার আকাশপথে ইরানের হামলার প্রতিক্রিয়া নিয়ে আলোচনার জন্য যুদ্ধকালীন মন্ত্রিসভার বৈঠক আহ্বান করেন। বৈঠকের আলোচনার বিষয়বস্তু প্রকাশ করা হয়নি। বার্তা সংস্থা রয়টার্স জানায় যে যুদ্ধকালীন মন্ত্রিসভা ইরানের বিরুদ্ধে পাল্টা আক্রমণের পক্ষে, তবে সময় এবং পরিধি নিয়ে সদস্যদের মধ্যে মতভেদ রয়েছে। ইসরায়েলের ভাষ্যানুযায়ী, তারা যুক্তরাষ্ট্র এবং অন্যান্য দেশের সহায়তায় শনিবার থেকে রবিবারের মধ্যে চালানো ওই হামলায় ব্যবহৃত বেশিরভাগ ড্রোন এবং ক্ষেপণাস্ত্র গোলাবর্ষণ করে ভূপাতিত করেছে। এদিকে, ইসরায়েলের প্রধানমন্ত্রীর কার্যালয় রবিবার ঘোষণা করে যে গাজা যুদ্ধবিরতি এবং জিম্মিদের মুক্তির বিষয়ে একটি চুক্তির জন্য মধ্যস্থতাকারীদের সর্বশেষ প্রস্তাবটি প্রত্যাখ্যান করেছে ইসলামিক গ্রুপ হামাস। ইসরায়েলি সামরিক বাহিনী একই দিনে জানায় যে গাজা যুদ্ধক্ষেত্রে অভিযান পরিচালনার জন্য সংরক্ষিত ব্রিগেডগুলোকে ডাকা হচ্ছে। চলতি মাসের শুরুতে গাজার দক্ষিণাঞ্চলীয় শহর খান ইউনিস থেকে ইসরায়েল সেনা প্রত্যাহার করার পর এই পদক্ষেপ নেওয়া হল। ইসরায়েলি সংবাদমাধ্যমের ভাষ্যানুযায়ী, হামাসের সঙ্গে আলোচনার ক্ষেত্রে কোনো অগ্রগতি দেখা না যাওয়ায়, ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনী রাফাহতে স্থল অভিযান চালাতে পারে। উল্লেখ্য, শহরটিতে প্রায় দেড় মিলিয়ন মানুষ আশ্রয় নিয়েছেন।
(এনএইচকে ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ এলিনা)

## রেডিও টুডে

### টানা পাঁচদিন ছুটি শেষে আজ খুলেছে সরকারি অফিস-আদালত ও ব্যাংক

পবিত্র ঈদুল ফিতর ও নববর্ষের টানা ৫ দিনের সরকারি ছুটি শেষে আজ খুলেছে সরকারি অফিস আদালত ও ব্যাংক। ঈদের ছুটি শুরু হয়েছিল গত বুধবার থেকে। অবশ্য এবার ছয় দিন ছুটি পেয়েছিলেন গণমাধ্যমের কর্মীরা। আজ থেকে আগের নিয়মে ফিরেছে সরকারি অফিস আদালত ও ব্যাংক। সোমবার থেকে আগের মতই সকাল নয়টা থেকে বিকাল ৪টা পর্যন্ত অফিস চলবে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৫.০৪.২০২৩ আসাদ)

### রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ছিল : বাণিজ্য প্রতিমন্ত্রী

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলেছেন রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ছিল। দেশবাসী স্বস্তি ও উৎসাহ নিয়ে ঈদ ও নববর্ষ পালন করেছেন। সোমবার সচিবালয়ে নিজ দপ্তরে আয়োজিত এক সংবাদ সম্মেলন তিনি একথা বলেন। এর আগে বাণিজ্য প্রতিমন্ত্রী মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় তিনি বলেন সীমিত সম্পদ নিয়ে আমরা দেশের বাজার দর নিয়ন্ত্রণে রাখার জন্য নিরলস ভাবে কাজ করে যাচ্ছি। আমরা ফলাফল বা কৃতিত্ব লাভের জন্য কাজ করি না আমরা দেশের জন্য ও জনগণের সাথে কাজ করি।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৫.০৪.২০২৩ আসাদ)

### মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর আরো ৫ সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছেন

কক্সবাজারের টেকনাফ সীমান্ত দিয়ে গত ২৪ ঘন্টায় মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর আরো ৫ সদস্য পালিয়ে বাংলাদেশ আশ্রয় নিয়েছে। রোববার রাতে রাখাইন রাজ্যের সীমান্তবর্তী এলাকায় যুদ্ধক্ষেত্র থেকে পালিয়ে টেকনাফের হোয়াইক্যাং ইউনিয়নের খারাংখালি ও ঝিমখালি সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশ করেন তারা। এর আগে একই দিন সকালেও নয় বিজিপি সদস্য পালিয়ে বাংলাদেশে আসেন। টেকনাফে বিজিবি ব্যাটালিয়ন-২ এর কমান্ডিং অফিসার লেফটেন্যান্ট কর্নেল মহিউদ্দিন আহমেদ জানান রাখাইন রাজ্যে জান্তা বাহিনী ও আরাকান আর্মির মধ্যে চলমান সংঘর্ষের মধ্যে এ নিয়ে একই দিনে মোট ১৪ জন বিজিপি সদস্য বাংলাদেশ আশ্রয় নিলেন। তিনি জানান বিজিবি তাদের অস্ত্র জব্দ করেছে। তাদের মধ্যে দুজন আহত অবস্থায় ছিলেন। তাদের চিকিৎসা দেয়া হচ্ছে।

(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৫.০৪.২০২৩ আসাদ)

**দেশের অধিকাংশ এলাকার উপর দিয়ে চলমান তাপ প্রবাহ আগামী ২৪ ঘন্টা অব্যাহত থাকতে পারে**

দেশের ৫৪ জেলার উপর দিয়ে তাপ প্রবাহ বয়ে যাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এছাড়া মঙ্গলবার দেশে তিন বিভাগে বৃষ্টি হতে পারে বলেও জানিয়েছে আবহাওয়া বিভাগ। সোমবার সকালে আবহাওয়াবিদ মুহাম্মদ শাহিনুল ইসলাম এর দেওয়া পূর্বাভাসে এই তথ্য জানানো হয়েছে। পূর্বাভাসে বলা হয়েছে পশ্চিমা লঘু চাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসঙ্গ এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগর এলাকা অবস্থান করছে। আগামী ২৪ ঘন্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৫.০৪.২০২৩ আসাদ)

**টানা ৫ দিন ছুটির পর বেনাপোল স্থলবন্দর দিয়ে আবারো আমদানি- রপ্তানি কার্যক্রম শুরু হয়েছে**

টানা পাঁচদিন ছুটি শেষে আজ সকাল থেকে বেনাপোল বন্দর দিয়ে শুরু হয়েছে আমদানি-রপ্তানি কার্যক্রম। সকাল ৯টা থেকে শুরু হয়েছে বাণিজ্য। ফলে বন্দর এলাকায় দেখা দিয়েছে কর্মচাঞ্চল্য। বন্দরে সকাল থেকে তিন হাজার হ্যান্ডেলিং শ্রমিক কাজে যোগ দিয়েছেন। বেনাপোল কাস্টমস হাউসের ডেপুটি কমিশনার রবীন্দ্র সিনহা জানান ঈদুল ফিতর উপলক্ষ্যে ১০ থেকে ১৪ই এপ্রিল পর্যন্ত পাঁচদিন স্থল বন্দর দিয়ে ভারতের সঙ্গে আমদানি-রপ্তানি বাণিজ্য বন্ধ ছিল। আজ সকাল থেকে এই আমদানি-রপ্তানি বাণিজ্য আবার শুরু হয়েছে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৫.০৪.২০২৩ আসাদ)

**ঈদুল ফিতর ও নববর্ষের ছুটি শেষে ঢাকায় ফিরছেন মানুষ**

পবিত্র ঈদুল ফিতর ও নববর্ষের ছুটি শেষে আজ বাস ও লঞ্চ টার্মিনাল গুলোতে ঢাকায় ফেরা মানুষের ভিড় লক্ষ্য করা গেছে। পথে কোন ভোগান্তি ছাড়াই ঢাকায় ফিরছেন বলে জানিয়েছেন তারা। ফিরতে এ যাত্রায় ট্রেন ও লঞ্চ যাত্রীরা স্বস্তির কথা বললেও টিকিট পেতে দুর্ভোগ পোহানোর কথা বলছেন যাত্রীরা। এমনকি বাড়তি দামে টিকিট বিক্রিরও অভিযোগ ও করেন যাত্রীদের অনেকেই। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

**ঈদ ও পহেলা বৈশাখের ছুটি শেষ হলেও রাজধানীতে ফেরেনি কর্মচঞ্চল্য**

এবার ঈদের পর পহেলা বৈশাখ থাকায় ছুটিও ছিল একটু বেশি। ঈদ ও পহেলা বৈশাখের ৫ দিন ছুটি শেষে আজ থেকে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কার্যক্রম শুরু হয়েছে। তবে রাজধানীতে এখনো ঈদের আমেজ বিরাজ করছে। ফিরে আসেনি ঢাকার স্বাভাবিক কর্মচঞ্চল্য। রাস্তায় নেই তেমন যানজট মানুষের ভিড়ও ভোগান্তি। আজ সকাল থেকেই ঢাকার বেশিরভাগ এলাকার সড়কে ব্যক্তিগত গাড়ি ও গণপরিবহনের সংখ্যা কম লক্ষ্য করা গেছে। অধিকাংশ এলাকায় অনেক বিপণী বিতান এখনো বন্ধ। অফিস আদালতসহ আর্থিক প্রতিষ্ঠানগুলোতেও আজ ছুটির আমেজ দেখা গেছে। ঢাকার অধিকাংশ প্রতিষ্ঠানগুলো খুলবে একুশে এপ্রিল। এছাড়া অধিকাংশ পোষাক কারখানাও খুলবে ২০ এপ্রিলের দিকে। তখন ঢাকা স্বাভাবিক রূপে ফিরবে বলে ধারণা করা হচ্ছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

**বিএনপি'র জন্ম হয়েছে স্বাধীনতা চেতনা ধ্বংস করার জন্য : ওবায়দুল কাদের**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন যারা পহেলা বৈশাখ অস্বীকার করে তারা বাংলাদেশের মুক্তিযুদ্ধ অস্বীকার করে, বাঙালি স্বীকৃতির সংস্কৃতিও অস্বীকার করে। আজ সোমবার ধানমন্ডিতে আওয়ামী লীগের সভাপতির কার্যালয়ে সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। এ সময় তিনি আরো বলেন বিএনপি মুক্তিযুদ্ধের চেতনা, বাঙালির সংস্কৃতি চেতনা ধারণ করবে এটা প্রত্যাশা করা যায় না। বিএনপি'র জন্ম হয়েছে স্বাধীনতার চেতনা ধ্বংস করার জন্য। ৬০ লাখ নেতাকর্মী জেলে বন্দী আছে বিএনপি যে দাবি করছে তার তালিকা দেওয়ার আহ্বান জানান তিনি। তালিকা না দিতে পারলে মিথ্যাচারের জন্য জাতির কাছে মীর্জা ফখরুলকে ক্ষমা চাওয়ার আহ্বান জানান ওবায়দুল কাদের। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

**ওবায়দুল কাদেরের বক্তব্য আমলে নিলে এদেশের ভৌগোলিক সীমারেখা নিয়ে প্রশ্ন উঠবে: রিজভী**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সত্যকে অস্বীকার করে জনগণকে বিভ্রান্ত করার অপচেষ্টা চালাচ্ছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। সোমবার দুপুরে নয়া পল্টনে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। এ সময় তিনি আরো বলেন পাকিস্তানি চেতনায় উদ্বুদ্ধ হয়ে মানসিক অশান্তি থেকে জিয়াউর রহমানকে নিয়ে নেতিবাচক মন্তব্য করছে ক্ষমতাসীনরা। রিজভী আরো বলেন বাংলা সংস্কৃতি নিয়ে বিভ্রান্তি তৈরি করছেন ওবায়দুল কাদের। তার বক্তব্য আমলে নিলে এদেশের ভৌগোলিক সীমারেখা নিয়ে প্রশ্ন উঠবে। আওয়ামী লীগ তলে তলে কাউকে খুশি করার চেষ্টা করছে বলেও দাবি করেন রিজভী। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

**সরকারের নির্দেশ উপেক্ষা করে উদীচীর অনুষ্ঠান করা দুঃখজনক : তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী**

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত বলেছেন জননিরাপত্তার স্বার্থে সরকারের জারি করা নির্দেশনা উপেক্ষা করে উদীচীর অনুষ্ঠান করা ও নেতিবাচক বিবৃতি দেওয়া অনাকাঙ্ক্ষিত ও দুঃখজনক। সোমবার দুপুরের

সচিবালয়ে নিজ দপ্তরে তিনি এই মন্তব্য করেন। তথ্য প্রতিমন্ত্রী বলেন সরকারের নির্দেশনা ছিল পহেলা বৈশাখে সন্ধ্যা ছয়টার মধ্যে সব অনুষ্ঠান শেষ করতে হবে। এই সিদ্ধান্ত উপেক্ষা করে সন্ধ্যা ছয়টার পর উদীচী অনুষ্ঠান করেছে এ বিষয়ে বিবৃতি দিয়েছে। এটি অনাকাঙ্ক্ষিত দুঃখজনক ঘটনা। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

**ঈদ ও পহেলা বৈশাখের ছুটিতে দেশে হাসপাতালগুলো ভালোভাবে চলেছে : স্বাস্থ্যমন্ত্রী**

ঈদ ও পহেলা বৈশাখের ছুটিতে সারাদেশের হাসপাতালগুলো ভালোভাবে চলেছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। সোমবার সচিবালয়ে নিজ মন্ত্রণালয়ের দপ্তরের সাংবাদিকদের সঙ্গে আলাপ কালে তিনি এ কথা বলেন। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

**সদরঘাট লঞ্চ দুর্ঘটনায় বিআইডব্লিউটিএ এর সার্ভেয়ারদের দুর্বলতা থাকলে তাদেরও শাস্তি হবে**

ঢাকার সদরঘাটের লঞ্চের রশি ছিঁড়ে পাঁচ জন নিহতের ঘটনায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ বা বিআইডব্লিউটি এর সার্ভেয়ারদের দুর্বলতা থাকলে তাদেরও শাস্তির আওতায় আনা হবে বলে জানিয়েছেন নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। পবিত্র ঈদুল ফিতর ও পহেলা বৈশাখের ছুটির পর আজ সোমবার প্রথম কর্মদিবসে সচিবালায়ে নিজ দপ্তরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে নৌ পরিবহন প্রতিমন্ত্রী এসব কথা জানান। এ সময় তিনি বলেন সোমালিয়ান জলদস্যুদের হাত থেকে মুক্ত জাহাজটি এখন দুবাইয়ের উদ্দেশ্যে। জার্সি সেখানে ১৯ বা ২০ এপ্রিল পৌছাবে বলে জানান তিনি।(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

**আগামী অর্থবছরে বাংলাদেশের জিডিপির প্রবৃদ্ধি ৬.৬ শতাংশ হতে পারে : এডিবি**

আগামী অর্থবছরে বাংলাদেশের মোট দেশজ উৎপাদন বা জিডিপির প্রবৃদ্ধি ৬.৬ শতাংশ হতে পারে বলে জানিয়েছে ম্যানিলা ভিত্তিক ঋণদাতা প্রতিষ্ঠান এশিয়া উন্নয়ন ব্যাংক, এডিবি। এছাড়া রপ্তানির উপর নির্ভর করে ২০২৩ থেকে ২০২৪ অর্থবছরে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ৬.১ শতাংশ হবে বলে এডিবির পূর্বাভাসে বলা হয়েছে। এডিবি জানিয়েছে বৈশ্বিক চাহিদা কম হওয়া সত্ত্বেও ডলার সংকটের কারণে রপ্তানিকারকরা স্থানীয় সুতা ও কাপড় ব্যবহার করায় বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি বৃদ্ধি অব্যাহত থাকবে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

**দ্বাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন বসছে আগামী ২মে**

দ্বাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন বসছে আগামী দোসরা মে। ঐদিন বিকেল পাঁচটায় অধিবেশন শুরু হবে। এর আগে বিকেল চারটায় অনুষ্ঠেয় সংসদের কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে দ্বিতীয় অধিবেশনের মেয়াদকাল চূড়ান্ত হবে। সোমবার জাতীয় সংসদ সচিবালয়ের লেজিসলেটিভ সাপোর্ট উইংয়ের এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

**বিএনপির স্থায়ী কমিটির সদস্য রফিকুল ইসলাম মিয়াকে হাসপাতালে ভর্তি করা হয়েছে**

বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়ার স্বাস্থ্যের অবনতি হওয়ায় তাকে রাজধানীর ইবনে সিনা হাসপাতালে ভর্তি করা হয়েছে। সোমবার দুপুর ২:৩০টার দিকে তাকে হাসপাতালে ভর্তি করা হয়। রফিকুল ইসলাম মিয়ার একান্ত সহকারী মোকছেদুর রহমান আবীর এই তথ্য জানিয়েছেন।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

**আদম সিনেমার পরিচালক তাওহীদ হিরন মারা গেছেন**

আদম সিনেমার পরিচালক আবু তাওহীদ হিরন মারা গেছেন। সোমবার ভোরে রাজধানীর নিউ ইস্কাটনের বাসায় শেষ নিশ্বাস ত্যাগ করেন তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল মাত্র ৩৮ বছর। হিরনের বাড়ি খুলনার খালিশপুরে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

**চট্টগ্রামের ফিরিঙ্গি বাজারের টেকপাড়া বস্তিতে লাগা আগুন নিয়ন্ত্রণ এসেছে**

চট্টগ্রামের ফিরিঙ্গি বাজারের টেকপাড়া এলাকার একটি বস্তিতে লাগা নিয়ন্ত্রণে এনেছে ফায়ার সার্ভিস। এই আগুনে টেকপাড়া বস্তি ও লাগোয়া ইয়াকুবনগর বস্তিতে প্রায় দুইশত ঘরবাড়ি পুড়ে গেছে। আজ সোমবার দুপুর দেড়টার কিছু আগে বস্তিতে আগুনের সূত্রপাত হয়। চট্টগ্রাম ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের উপপরিচালক দিনমনি শর্মা সংবাদ মাধ্যমকে বলেন খবর পেয়ে বিভিন্ন ফায়ার স্টেশন থেকে নয়টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করে। এবং দুপুর দুইটা বিশ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আসে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

**সিলেটের কুমারগাঁও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে লাগা আগুন নিয়ন্ত্রণ এসেছে**

সিলেটের কুমারগাঁও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে লাগা আগুন প্রায় দেড় ঘন্টার চেষ্টায় নিয়ন্ত্রণে এনেছে ফায়ার সার্ভিস। আজ সোমবার সকাল ৯টার দিকে অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে আনেন। এই ঘটনায় চারটি ফিডারের বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক হয়েছে। তবে এখনো একটি ফিডারে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রয়েছে।(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

## নরসিংদীতে প্রকাশ্য দিবালোকে এক ইউপি সদস্যকে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা

নরসিংদীতে প্রকাশ্য দিবালোকে জনসম্মুখে রুবেল নামের এক ইউপি সদস্যকে গুলি ও কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। সোমবার দুপুর পৌনে দুইটার দিকে নরসিংদী সদর উপজেলার আমদিয়া ইউনিয়নের পাকুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে এই হত্যাকান্ডের ঘটনা ঘটে। নরসিংদীর অতিরিক্ত পুলিশ সুপার কে এম শহিদুল ইসলাম সোহাগ বিষয়টি সংবাদ মাধ্যম কে নিশ্চিত করেছেন। তিনি জানান অতিরিক্ত রক্তক্ষরণের কারণে ঘটনাস্থলেই মারা যান রুবেল। তিনি আমদিয়া ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের সদস্য ছিলেন।(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

## অস্ট্রেলিয়ায় সমুদ্রে ডুবে বাংলাদেশের এক ব্যাংক কর্মকর্তার মৃত্যু

অস্ট্রেলিয়ায় সমুদ্রে ডুবে নেওয়াজ মো. সাইফুল্লাহ নামের এক বাংলাদেশী ব্যাংকারের মৃত্যু হয়েছে। রোববার বাংলাদেশ সময় বিকেল চারটার দিকে এই ঘটনা ঘটে। বিভিন্ন সূত্র থেকে জানা যায় নেওয়াজ মো. সাইফুল্লাহ গত বারই এপ্রিল এক মাসের সফরে অস্ট্রেলিয়া গিয়েছিলেন। তিনি মার্কেন্টাইল ব্যাংকের প্রধান শাখায় সহকারী ভাইস প্রেসিডেন্ট হিসেবে কর্মরত ছিলেন। তার গ্রামের বাড়ি নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলায়।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ আসাদ)

## ঈদের ছুটিতে পদ্মা সেতুতে টোল আদায় হয়েছে ২ কোটি ৪৭ লাখ ৭৪ হাজার ৫৫০ টাকা

ঈদের ছুটিতে পদ্মা সেতু হয়ে ২ লাখ ১৩ হাজার ২১৫টি যানবাহন পারাপার হয়েছে সেতুর মাওয়া ও জাজিরা প্রান্তে টোল আদায় হয়েছে ২১ কোটি ৪৭ লাখ ৭৪ হাজার ৫৫০ টাকা। ৮ এপ্রিল থেকে ১৪ই এপ্রিল ঈদের ছুটিতে এই টোল আদায় হয়েছে বলে জানিয়েছেন সেতু বিভাগ। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ রুবাইয়া)

## উদীচীর আয়োজনকে দুঃখজনক বলে প্রতিমন্ত্রী যে মন্তব্য করেছেন তাতে বিস্মিত উদীচী

উদীচীর আয়োজনকে দুঃখজনক ও অনাকাঙ্ক্ষিত বলে তথ্য প্রতিমন্ত্রী যে মন্তব্য করেছেন তাতে বিস্মিত হয়েছেন উদীচী। সরকারের দায়িত্বশীল পর্যায়ে থেকে এ ধরনের বক্তব্য দুঃখজনক বলে মনে করছেন তারা। সোমবার এক বিবৃতিতে সংগঠনটি জানিয়েছে পহেলা বৈশাখ ঘিরে কোন ঝুঁকি নেই জানালেও নিরাপত্তার অজুহাত দেখিয়ে সন্ধ্যার মধ্যে বাংলা নববর্ষের অনুষ্ঠান বন্ধ করে দেয়ার সিদ্ধান্তের সাথে অন্ধ বাদী ধর্মান্ধ গোষ্ঠীর অবস্থানের যোগসাজস রয়েছে বলে মনে করে উদীচী। এই বিবৃতিতে উদীচীর নেতারা বলেন বর্ষপূর্ণ অনুষ্ঠানকে নির্দিষ্ট সময়ের ঘিরেটপে বেধে দেয়ার হঠকারী সিদ্ধান্ত প্রকৃতপক্ষে সাম্প্রদায়িক অপশক্তির কাছে আত্মসমর্পণ ছাড়া কিছুই নয়।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ রুবাইয়া)

## সাবেক ভিপি নুরুল হক নুরের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে আদালত

সাবেক ভিপি নুরুল হক নুরের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে আদালত। সোমবার ডিজিটাল নিরাপত্তা আইনের মামলাসহ সাইবার ট্রাইবুনালের বিচারক জহিরুল কবীর এই আদেশ দেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও শিক্ষামন্ত্রী মহিবুল হাসানকে নিয়ে কুরুচিপুর্ণ মন্তব্যের অভিযোগের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করেন ছাত্রলীগের সাবেক এক কর্মী। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ রুবাইয়া)

## গাজীপুরের শেওড়াতলী এলাকায় একটি মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের ধাক্কায় দুই যুবকের মৃত্যু

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার শেওড়াতলী এলাকায় বেপরোয়া গতিতে একটি মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের ধাক্কায় দুই যুবকের মৃত্যু হয়েছে। এ সময় আহত হয়েছেন আরো একজন। সোমবার বিকেল পাঁচটার দিকে এই ঘটনা ঘটে বলে নিশ্চিত করেছেন কালিয়াকৈর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এ এস এম নাসিম।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ রুবাইয়া)

## চার জেলার উপর দিয়ে রাত একটার দিকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়াসহ বৃষ্টি হতে পারে

দেশের চার জেলার উপর দিয়ে রাত একটার দিকে সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়াসহ বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অফিস। সোমবার সন্ধ্যায় নদী বন্দর গুলোর জন্য দেয়া সতর্ক বার্তায় এই তথ্য জানানো হয়। সতর্ক বার্তায় বলা হয় রাত একটার মধ্যে পাবনা, কুষ্টিয়া, সিরাজগঞ্জ এবং ফরিদপুরের উপর দিয়ে পশ্চিম অথবা উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০ কিলোমিটার বেগে অস্থায়ীভাবে দমকা অথবা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদী বন্দর সমূহকে এক নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৫.০৪.২০২৪ রুবাইয়া)

# জাগো এফএম

## হজ ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় ও নির্বাহী কমিটি গঠন

হজ ব্যবস্থাপনায় সংক্রান্ত জাতীয় কমিটি ও হজ ব্যবস্থাপনা সংক্রান্ত নির্বাহী কমিটি গঠন করা হয়েছে। সম্প্রতি এ দুটি কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। ২১ সদস্যের হজ ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় কমিটির

সভাপতি প্রধানমন্ত্রী। ২৫ সদস্যের নির্বাহী কমিটির সভাপতি ধর্ম বিষয়ক মন্ত্রী। এর আগে ২০২২ সালের ২০ এপ্রিল এ দুটি কমিটি গঠন করা হয়েছিল। গত ১১ জানুয়ারি নতুন সরকার গঠন করা হয়। আগের সরকারের গঠন করা সেই দুটি কমিটি বাতিল করে এখন নতুন করে গঠন করা হলো।

জাতীয় কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন-বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, পররাষ্ট্র সচিব, জনপ্রশাসন সচিব, জননিরাপত্তা সচিব, তথ্য ও সম্প্রচার সচিব, বেসামরিক বিমান পরিবহন পর্যটন সচিব, ধর্ম সচিব, স্বাস্থ্যসেবা সচিব, সুরক্ষা সেবা সচিব, অর্থ সচিব, গৃহায়ন ও গণপূর্ত সচিব, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার (এনএসআই) মহাপরিচালক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা, হজ পরিচালক, হজ এজেন্সিস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) এর সভাপতি। ধর্ম মন্ত্রণালয়ের হজ অনুবিভাগের প্রধান কমিটিতে সদস্য সচিব হিসেবে থাকবেন। হজ ব্যবস্থাপনায় সংক্রান্ত জাতীয় কমিটি সুষ্ঠু হজ ব্যবস্থাপনায় প্রয়োজনীয় দিক নির্দেশনা দেবে।

কমিটি প্রয়োজনে যে কোনো সময় সভা আহ্বান করতে পারবে। সভাপতি কমিটির সব সভায় সভাপতিত্ব করবেন, তবে প্রয়োজনে তার মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করতে পারবেন। কমিটি প্রয়োজনে সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা দেবে বলে প্রজ্ঞাপনে জানানো হয়েছে। হজ ব্যবস্থাপনা সংক্রান্ত নির্বাহী কমিটিতে বিভিন্ন মন্ত্রণালয় সচিবসহ বিভিন্ন প্রতিষ্ঠান প্রধানরা রয়েছেন।

নির্বাহী কমিটি সুষ্ঠু হজ ব্যবস্থাপনার লক্ষ্যে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন, হজ প্যাকেজ অনুমোদন, জাতীয় কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিতকরণ এবং বিধি দ্বারা নির্ধারিত অন্য কোনো কাজ করতে পারবেন বলে প্রজ্ঞাপনে জানানো হয়েছে। এতে আর বলা হয়, নির্বাহী কমিটি প্রয়োজনে যে কোনো সময় সভা আহ্বান করতে পারবে। সভাপতি কমিটির সব সভায় সভাপতিত্ব করবেন, তবে প্রয়োজনে তার মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করতে পারবেন। কমিটি প্রয়োজনে সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক দেবে।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## ডেঙ্গু রোগীদের স্যালাইনের কোনো সংকট হবে নাঃ স্বাস্থ্যমন্ত্রী

ডেঙ্গু রোগীদের জন্য স্যালাইনের কোনো সংকট হবে না এমন মন্তব্য করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সামন্ত লাল সেন বলেছেন, ডেঙ্গু না হোক, সেটা আমাদের সবার প্রার্থনা। বিপর্যয় না হওয়ার জন্য কী করতে হয়, সেটা আপনারা ভালো করে জানেন। ইদের ছুটি শেষে প্রথম কার্যদিবস সোমবার (১৫ এপ্রিল) সচিবালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে মন্ত্রী এসব কথা বলেন। ডেঙ্গুর প্রকোপ বাড়ছে, এ প্রেক্ষিতে মন্ত্রণালয় কী ধরনের পদক্ষেপ নিচ্ছে? সাংবাদিকদের এমন প্রশ্নের উত্তরে স্বাস্থ্যমন্ত্রী বলেন, আমরা হাসপাতালগুলোকে বলে রেখেছি। এখন চিকিৎসকরা ডেঙ্গু চিকিৎসা সম্পর্কে ভালোভাবে জানেন। স্যালাইনের যে সংকটের কথা ভাবা হয়েছে, সেটা নিয়েও আমি বৈঠক করেছি। স্যালাইনের কোনো সংকট হবে না। মন্ত্রী বলেন, বাসাবাড়ি সবকিছু পরিষ্কার রাখতে হবে। একবার অসুখ হলে তখন চিকিৎসা করতে হয়। কারও যাতে ডেঙ্গু না হয়, সেজন্য আমাদের কাজ করতে হবে।

ইদের ছুটিতে চিকিৎসকদের দায়িত্ব নিয়ে জানতে চাইলে মন্ত্রী বলেন, আমি নিজে ঢালাওভাবে বলতে চাই না যে আমি কী করেছি। আপনারা নিজেরাই বলবেন যে আমরা কতটা মনিটরিং করতে পেরেছি। যতটুকু সম্ভব যথাসাধ্য চেষ্টা আমি ইদের সময়ে করেছি। মন্ত্রী হওয়ার আগেও এমন কোনো ইদ নেই, যেদিন আমি হাসপাতালে যাইনি। এমন কোনো দুর্গাপূজা নেই যেদিন হাসপাতালে যাইনি। আগে হাসপাতালে যেতাম, তারপরে উৎসবে যেতাম বলেন স্বাস্থ্যমন্ত্রী। তিনি বলেন, ওই চিন্তা করে এবারও সেই ধারা বজায় রেখেছি। আগে আমি একটা হাসপাতালে যেতাম, এবার অনেকগুলো হাসপাতালে গিয়েছি। আমার উদ্দেশ্য হচ্ছে, দায়িত্বরত চিকিৎসক ও নার্সদের উৎসাহ দেওয়া। তারা যাতে ঠিকমতো কাজ করেন। এছাড়া সবকিছু ঠিকমতো হচ্ছে কিনা, তাও দেখতে গিয়েছি। তিনি আরও বলেন, আমি এবার না বলেই গিয়েছি। ইদের আগের দিন যে কয়েকটি হাসপাতালে গিয়েছিলাম, আমি কাউকে বলেনি। আমি গিয়ে চিকিৎসকদের উপস্থিত দেখতে পেয়েছি। সিনিয়র ও জুনিয়র সব চিকিৎসকরা ছিলেন। ইদ উদ্‌যাপন ও নববর্ষের ছুটিতে হাসপাতালের কার্যক্রম সব ভালোভাবে চলেছে। স্বাস্থ্যমন্ত্রী বলেন, এবার মন্ত্রণালয় থেকে একটা প্রশাসনিক আদেশ দিয়ে ছুটিতে কাজ করা চিকিৎসক ও নার্সদের জন্য খাবারের ব্যবস্থা করেছি। এটা আমি নিজে অনুভব করেছি। আমি যখন বার্নে কাজ করতাম রাতে একটা মেয়ে না-খেয়ে কাজ করেছেন। সব হোটেল-রেস্তোরাঁ বন্ধ থাকতো। ইচ্ছা করে এবার খাবারের অর্ডার করেছি। যাতে ভালোভাবে তারা ইদটা করতে পারেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## বৈশাখের প্রথম দিন থেকে ফসল ঘরে তুলছেন কৃষকরা

সুনামগঞ্জের হাওরে বৈশাখের প্রথম দিনে চলছে পাকা ধান কাটার উৎসব। সূর্য ওঠার সঙ্গে সঙ্গে কৃষকরা পরিবার পরিজন নিয়ে মাঠে ছুটছেন। সারাদিন সোনালি ধান কাটায় ব্যস্ত সময় পার করছেন। সুনামগঞ্জ বিশ্বম্ভরপুর উপজেলার করচার হাওরের কৃষক উস্তার আলী। মহাজনের কাছ থেকে চড়া সুদে টাকা নিয়ে পাঁচ একর জমিতে বোরো ধানের

আবাদ করেছিলেন। সেই ধানের বাম্পার ফলন হলেও ধান ঘরে তোলা নিয়ে ছিল চরম শঙ্কা। তবে সেই শঙ্কা কাটিয়ে অবশেষে বৈশাখের প্রথম দিনে স্বপ্নের ফলানো সেই ধান কেটে মাড়াই দিয়ে প্রখর রোদে শুকাচ্ছেন তিনি। সেই সঙ্গে এবার উৎপাদন আর সংগ্রহ ভালো হওয়ায় চোখে মুখে আনন্দ তার। উস্তার আলী বলেন, '২০ হাজার টাকা খরচ করে হাওরে বোরো ধানের আবাদ করেছিলাম। সেই ধানের বাম্পার ফলন হয়েছে। এমনকী এ বছর ৬০ মণ ধান বিক্রি করতে পারব বলে আশা করছি।'

আবহাওয়া অনুকূলে থাকায় সুনামগঞ্জের ১৩৭টি হাওরে এ বছর বোরো ধানের বাম্পার ফলন হয়েছে। তারমধ্যে বৈশাখের প্রথম দিনে এই অঞ্চলের ৩০টি হাওরে লক্ষাধিক কৃষক সূর্য ওঠার সঙ্গে সঙ্গে মাথায় গামছা পেচিয়ে ধান কাটতে মাঠে নামেন। একদিকে কৃষকরা ধান কাটছেন অন্যদিকে কৃষাণীরা সেই ধান রোদে শুকাচ্ছেন কেউবা আবার সেই ধান বস্তাবন্দি করে সংরক্ষণ করছেন। কৃষকরা জানান, বৈশাখের প্রথম দিনে কষ্টের ফলানো সোনালি ধান ঘরে তুলতে পেরে আনন্দিত তারা। এই হাওরকেই ঘিরেই তাদের বৈশাখ। করচার হাওরের কৃষক আমির উদ্দিন জাগো নিউজকে বলেন, 'এ বছর ধানের বাম্পার ফলন হয়েছে। আশা করি এই ধান বিক্রি করে ছেলে মেয়ে নিয়ে বছর পার করতে পারব।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## ঢাকায় ফিটনেসবিহীন ৪৮৮ যানবাহনের বিরুদ্ধে মামলা

ত্রুটিপূর্ণ ও ফিটনেসবিহীন ৪৮৮টি যানবাহনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক-ওয়ারী বিভাগ। ১৩ এপ্রিল থেকে অভিযান শুরু করে ৩৬ ঘণ্টায় ট্রাফিক ওয়ারী বিভাগ বাস, ট্রাক, মাইক্রোবাস, কাভার্ডভ্যান, পিকআপ, লেগুনা, সিএনজি, প্রাইভেটকার ও মোটরসাইকেলসহ ৪৮৮টি যানবাহনের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে। চলমান অভিযানে বিভিন্ন যাত্রীবাহী কোম্পানির বাসের বিরুদ্ধেও আইনি ব্যবস্থা গ্রহণ করা হয়। সোমবার (১৫ এপ্রিল) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মো. ফারুক হোসেন এসব তথ্য জানান। এছাড়া ট্রাক, কাভার্ডভ্যান ও লরি যাতে মহানগরীতে প্রবেশ করে যানজট সৃষ্টি না করতে পারে সেজন্য চেকপোস্ট বসানো হয়। ডিসি ফারুক হোসেন বলেন, ঢাকা মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক ওয়ারী বিভাগ ক্রমান্বয়ে ফিটনেসবিহীন ও ত্রুটিপূর্ণ যানবাহনমুক্ত করা হবে।

এ অভিযানের ফলে ফিটনেসবিহীন ও ত্রুটিপূর্ণ যানবাহন রাস্তায় চলাচল কমে আসবে। পদ্মা সেতু চালু হওয়ায় দক্ষিণবঙ্গের ২১ জেলা, সিলেট, চট্টগ্রাম ও ঢাকা বিভাগের ১৭ জেলার যানবাহন ট্রাফিক ওয়ারী বিভাগের মধ্য দিয়ে চলাচল করে। দেশের বৃহৎ একটি অংশের যানবাহন যাতায়াত করে এ এলাকা হয়ে। পুলিশের এ কর্মকর্তা আরও বলেন, যানজট সহনীয় পর্যায়ে রেখে পথচারী, যানবাহনের চালক ও যাত্রীরা যাতে স্বস্তিতে চলাচল করতে পারে এবং নিরাপদে বাড়ি ফিরতে পারে সে লক্ষ্যে কাজ করে যাচ্ছে ট্রাফিক-ওয়ারী বিভাগ।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## রফিকুল ইসলাম মিয়ার শারীরিক অবস্থার অবনতি, হাসপাতালে ভর্তি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়ার স্বাস্থ্যের অবনতি হওয়ায় রাজধানীর ইবনে সিনা হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান এ তথ্য জানান। তিনি বলেন, আজ (সোমবার) বেলা ২টার দিকে তাকে হাসপাতালে ভর্তি করা হয়। ২০১৮ সালে জাতীয় সংসদ নির্বাচনের পর থেকে গুরুতর অসুস্থ হয়ে শয্যাশায়ী রফিকুল ইসলাম মিয়া। মেরুদণ্ডের হাড় ভেঙে যাওয়াসহ নানাবিধ রোগে আক্রান্ত সাবেক এ মন্ত্রী।(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## ভৈরব নদে ৬৮৫ মেট্রিক টন কয়লাসহ কার্গোডুবি

যশোরের অভয়নগরে ভৈরব নদে এমভি সাকিব বিভা-২ নামের কয়লাবোঝাই একটি কার্গো ডুবে গেছে। রোববার (১৪ এপ্রিল) নওয়াপাড়া নদীবন্দর এলাকার নোনাঘাট নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। ডুবে যাওয়ার সময় জাহাজে প্রায় ৬৮৫ মেট্রিক টন কয়লা ছিল। জেএইচএম গ্রুপ নামের একটি আমদানিকারক প্রতিষ্ঠান ইন্দোনেশিয়া থেকে ওই কয়লা আমদানি করে অভয়নগরের নওয়াপাড়া নদীবন্দর এলাকায় এনেছিল। আমদানিকারক প্রতিষ্ঠান সূত্র জানায়, ইন্দোনেশিয়া থেকে একটি মাদার ভেসেলে কয়লা আমদানি করে মোংলা বন্দরের হাড়বাড়িয়া পয়েন্টে রাখা হয়। মাদার ভেসেল থেকে এমভি সাকিব বিভা-২ নামের একটি কার্গো জাহাজে ৬৮৫ মেট্রিক টন কয়লাবোঝাই করা হয়। গত শুক্রবার অভয়নগরের নওয়াপাড়া নদীবন্দরের উদ্দেশ্যে জাহাজটি যাত্রা করে। শনিবার সন্ধ্যায় নদীবন্দর এলাকার নোনাঘাট নামক স্থানে পৌঁছায়।

এমভি সাকিব বিভা-২ জাহাজের মাস্টার বিল্লাল হোসেন বলেন, জাহাজ ঘোরানোর সময় নদের মাটির সঙ্গে তলদেশ আঘাতপ্রাপ্ত হয়। এতে জাহাজের তলা ফেটে যায়। রোববার সকাল থেকে জাহাজে পানি ঢুকতে শুরু করে। সকালে নদীতে ভাটা থাকায় পানি ধীরে ধীরে ঢুকতে শুরু করে। এক পর্যায়ে জাহাজ ডুবে গেলে আমি, সুকানিসহ জাহাজে থাকা ১১ সদস্য নদীর তীরে উঠি। কয়লা আমদানিকারক প্রতিষ্ঠান জেএইচএম গ্রুপের নওয়াপাড়া অফিসের লজিস্টিক ম্যানেজার রাহুল দেব জানান, সোমবার থেকে কয়লা উদ্ধারের প্রক্রিয়া শুরু করা হয়েছে। উদ্ধারকাজ শেষ না হওয়া

পর্যন্ত ক্ষতির পরিমাণ বোঝা যাবে না। এ ব্যাপারে নওয়াপাড়া নদীবন্দরের উপ-পরিচালক মাসুদ পারভেজ বলেন, ভৈরব নদে কয়লাবোঝাই একটি কার্গো জাহাজ আংশিক ডুবে গেছে এমন সংবাদ পেয়েছি। বিষয়টি খতিয়ে দেখে পরবর্তী করণীয় ব্যবস্থা নেওয়া করা হবে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## হাতীবান্ধা সীমান্ত থেকে বাংলাদেশি যুবককে ধরে নিয়ে গেছে বিএসএফ

লালমনিরহাটের হাতীবান্ধা সীমান্ত থেকে আমিনুর রহমান (২৩) নামে বাংলাদেশি এক যুবককে ধরে নিয়ে গেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। সোমবার (১৫ এপ্রিল) ভোরে উপজেলার বড়খাতা ইউনিয়নের দোলাপাড়া সীমান্ত পিলারের কাছে থেকে তাকে ধরে নিয়ে যায়। আমিনুর রহমান ওই এলাকার জাবেদ আলীর ছেলে। স্থানীয়রা জানায়, ভোরে আমিনুর রহমানসহ কয়েকজন ভারতের অভ্যন্তরে প্রবেশ করেন। ফেরার পথে কোচবিহারের মাথাভাঙ্গা থানার বারোঘরিয়া এলাকার বিএসএফ ক্যাম্পের সদস্যরা তাদের ধাওয়া করে। পরে আমিনুর রহমানের সহযোগীরা পালাতে সক্ষম হলেও তাকে আটক করে নিয়ে যায় বিএসএফ সদস্যরা। আমিনুর রহমানের পরিবারের দাবি, রোববার সন্ধ্যায় আমিনুর রহমান রাতের খাবার খেয়ে ঘুমিয়ে পড়েন। কিছুক্ষণ পরে কয়েকজন তাকে ডেকে নিয়ে যান। পরে আর রাতে বাড়িতে আসেননি। সকালে স্থানীয়দের কাছ থেকে তারা জানতে পারেন তাকে আটক করেছে ভারতীয় বিএসএফ। বড়খাতা ইউনিয়নের সদস্য হাফিজুল ইসলাম বলেন, সীমান্তে মাদক পারাপার করার সময় বিএসএফ এ যুবককে আটক করেছে। পরিবারের লোকজন বিষয়টি আমাদের অবগত করেছেন। এ বিষয়ে বড়খাতা ইউনিয়নের চেয়ারম্যান আবু হেনা মোস্তফা জামাল সোহেল বলেন, বিএসএফের কাছে ওই যুবক আটক হয়েছে বলে ইউপি সদস্যের মাধ্যমে জানতে পেরেছি।(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## শেয়ারবাজারে ঢালাও দরপতন, লেনদেন ৩০০ কোটি টাকার ঘরে

ইদুল ফিতরের ছুটি শেষে প্রথম কার্যদিবস সোমবার (১৫ এপ্রিল) দেশের শেয়ারবাজারে ঢালাও দরপতন হয়েছে। সিংহভাগ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম কমায় সবকটি মূল্যসূচকের বড় পতন হয়েছে। সেইসঙ্গে লেনদেন কমে ৩০০ কোটি টাকার ঘরে চলে এসেছে। ইসরায়েলি ভূখণ্ড লক্ষ্য করে ইরানের ড্রোন ও ক্ষেপণাস্ত্র নিক্ষেপের প্রেক্ষিতে সৃষ্টি হওয়া অনিশ্চিত পরিস্থিতির কারণে শেয়ারবাজারে এমন দরপতন হয়েছে বলে মনে করছেন শেয়ারবাজার সংশ্লিষ্টরা। তারা বলছেন, ইরানের হামলার প্রেক্ষিতে ইসরায়েল পাল্টা হামলা করলে নতুন করে বৈশ্বিক সংকট সৃষ্টি হতে পারে। ইরান-ইসরায়েল যুদ্ধ বেঁধে গেলে ইরান হরমুজ প্রণালী বন্ধ করে দিতে পারে। আর এমনটি হলে বিশ্বের প্রায় এক-চতুর্থাংশ তেল সরবরাহ আটকে যেতে পারে। ফলে সৃষ্টি হবে নতুন সংকট। তারা আরও বলছেন, টনা দরপতন থেকে দেশের শেয়ারবাজার যখন বেরিয়ে আসার আভাস দিচ্ছিল, ঠিক সেই সময় ইরান-ইসরায়েল পরিস্থিতিতে শেয়ারবাজারে আবার নতুন করে অস্থিরতা সৃষ্টি করলো। এখন অস্থিরতা অবস্থা থেকে বাজার কীভাবে বেরিয়ে আসে সেটাই দেখার বিষয়। তবে ইদের ছুটি শেষ হওয়ার আগেই ইসরায়েলে হামলা করে ইরান। দামেস্কে ইরানি কনস্যুলেটে হামলার জবাবে শনিবার (১৩ এপ্রিল) রাতে ইসরায়েলি ভূখণ্ড লক্ষ্য করে কয়েকশ ড্রোন ও ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে ইরান। ইসরায়েলের মাটিতে এটিই প্রথমবার ইরানের সরাসরি হামলার ঘটনা। ইরান এ অভিযানের নাম দিয়েছে 'অপারেশন ট্রু প্রমিজ' বা 'সত্য প্রতিশ্রুতির অভিযান'। এ হামলার পর ইরান এরই মধ্যে হুঁশিয়ারি দিয়েছে, ইসরায়েল বা তার সবচেয়ে বড় মিত্র যুক্তরাষ্ট্র যদি কোনো ধরনের প্রতিশোধ নেওয়ার চেষ্টা করে, তাহলে আরও বড় আক্রমণ চালাবে তারা। অন্যথায়, সংঘাত এখানেই সমাপ্ত।

অবশ্য ইরানের বিরুদ্ধে কোনো প্রতিশোধমূলক হামলায় যুক্তরাষ্ট্রকে পাশে পাচ্ছে না ইসরায়েল। হোয়াইট হাউজ ইসরায়েলকে এ বিষয়ে সতর্ক করে জানিয়েছে যে, যুক্তরাষ্ট্র ইরানের বিরুদ্ধে কোনো প্রতিশোধমূলক হামলায় অংশ নেবে না। এদিকে ইদের ছুটি শেষে সোমবার দেশের শেয়ারবাজারে লেনদেন শুরু হওয়ার আগেই ব্রোকারেজ হাউসে হাউসে ইসরায়েলের ভূখণ্ডে ইরানের হামলার বিষয়টি নিয়ে আলোচনা শুরু হয়। ফলে লেনদেন শুরু হতেই মাত্রাতিরিক্ত বিক্রির চাপ বাড়ান এক শ্রেণির বিনিয়োগকারীরা। এতে লেনদেন শুরু হওয়ার কয়েক মিনিটের মধ্যেই সূচকের বড় পতন হয়। লেনদেনের সময় গড়ানোর সঙ্গে সঙ্গে বিক্রির চাপ বাড়তে থাকে। ফলে বাড়া পতনের মাত্রাও। দিনের লেনদেন শেষে ডিএসইতে দাম বাড়ার তালিকায় নাম লিখিয়েছে ৩২টি প্রতিষ্ঠান। বিপরীতে দাম কমেছে ৩৩৬টি প্রতিষ্ঠানের। আর ২৭টির দাম অপরিবর্তিত রয়েছে। এতে ডিএসইর প্রধান মূল্যসূচক ডিএসইএক্স ৮৫ পয়েন্ট কমে ৫ হাজার ৭৭৮ পয়েন্টে নেমে গেছে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## সর্বোচ্চ তাপমাত্রা খেপুপাড়ায় ৪০.২ ডিগ্রি

দিনের তাপমাত্রা আরও কিছুটা বেড়ে তাপপ্রবাহ দেশের সাত বিভাগে বিস্তার লাভ করেছে। একই সঙ্গে সোমবার দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস পার হয়েছে। তীব্র গরমে প্রায় সারাদেশে জনজীবনে নাভিশ্বাস হয়ে উঠেছে। শ্রমজীবী মানুষের কষ্টের সীমা নেই। রাজধানীতে যেন মরুভূমির লু-হাওয়া বইছে। ফ্যানের বাতাসেও মিলছে না স্বস্তি। সোমবার (১৫ এপ্রিল) দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪০ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে পটুয়াখালীর খেপুপাড়ায়। ঢাকায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৭ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

আবহাওয়াবিদ মুহাম্মদ আবুল কালাম মল্লিক জানান, সোমবার সন্ধ্যা ৬টা থেকে আগামী ২৪ ঘণ্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে, তবে সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝোড়ো হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসঙ্গে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টি হতে পারে। এ সময়ে সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। রংপুর, রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে বলেও জানিয়েছেন তিনি। মঙ্গলবার থেকে চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু-এক জায়গায় ঝড়-বৃষ্টি হতে পারে। এতে ওই দুটি অঞ্চল থেকে তাপপ্রবাহ দূর হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর।(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## দ্বাদশ সংসদের দ্বিতীয় অধিবেশন বসছে ২ মে

চলমান দ্বাদশ সংসদের দ্বিতীয় অধিবেশন ডেকেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। আগামী ২ মে বসছে এ অধিবেশন। সোমবার (১৫ এপ্রিল) জাতীয় সংসদ সচিবালয়ের লেজিসলেটিভ সাপোর্ট উইংয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সংসদ সচিবালয় জানায়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বৃহস্পতিবার (২ মে) বিকেল ৫টায় দ্বাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন আহ্বান করেছেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## নরসিংদীতে প্রকাশ্যে ইউপি সদস্যকে গুলি ও গলা কেটে হত্যা

নরসিংদীতে প্রকাশ্যে রুবেল আহাম্মেদ ওরফে বডি রুবেল নামের এক ইউপি সদস্যকে গুলির পর গলা কেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। সোমবার (১৫ এপ্রিল) দুপুরে জেলার পাচঁদোনা ইউনিয়নের পাকুড়িয়া বাজারে এ ঘটনা ঘটে। রুবেল আহাম্মেদ আমদিয়া ইউনিয়ন পরিষদের ৮ নম্বর ওয়ার্ডের সদস্য। তিনি ভৌয়ম গ্রামের শাহজাহান মিয়ার ছেলে। পুলিশ ও স্থানীয়রা জানায়, দুপুরে বাজারে আসেন রুবেল আহাম্মেদ। পৌনে ২টার দিকে মোটরসাইকেল নিয়ে বাড়ি ফেরার পথে প্রাইভেটকারযোগে আসা দুর্বৃত্তরা তাকে লক্ষ্য করে গুলি করে। গুলিবিদ্ধ হয়ে মাটিতে লুটিয়ে পড়লে তাকে গলা কেটে হত্যা করে পালিয়ে যায় দুর্বৃত্তরা। মাদবধী থানার এসআই ফজলে রাব্বি বলেন, ময়নাতদন্তের জন্য মরদেহ হাসপাতালে পাঠানো হয়েছে। হত্যাকাণ্ডের রহস্য উদঘাটনে কাজ করছে পুলিশ।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## যৌন নিপীড়ন বাড়ছে শিক্ষাঙ্গনে, কর্মস্থলে কেমন আছে নারী?

নারীর প্রতি যৌন নিপীড়ন বা সহিংসতা বেড়েই চলছে। প্রতিদিনই দেশের কোথাও না কোথাও নির্যাতনের শিকার হচ্ছেন নারী। অনেক ক্ষেত্রে নীরব থাকছেন, কখনোবা প্রতিবাদে ফুঁসেও উঠছেন। তবে এসব ঘটনায় বেশিরভাগ ক্ষেত্রে শাস্তিমূলক ব্যবস্থায় দৃষ্টান্ত স্থাপন করা যাচ্ছে না। এতে নারীর ভীতি যেমন বাড়ছে, বিপরীতে নিপীড়করা ভেতরে ভেতরে আরও উৎসাহিত হচ্ছেন। শিগগির যৌন নিপীড়নবিরোধী শক্তপোক্ত অবস্থান তৈরি করতে না পারলে এটি সামাজিক ব্যাধিতে রূপ নিতে পারে বলে আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, সারাদেশে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ও মাদরাসাসহ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে যৌন হয়রানির ঘটনা বেড়েছে। প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত- কোথাও থেমে নেই হয়রানি। দেড় দশক আগে উচ্চ আদালতের এক রায়ে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্মস্থলে যৌন হয়রানি প্রতিরোধে কমিটি গঠনের নির্দেশনা দেওয়া হয়। কিছু ক্ষেত্রে কমিটি গঠন হয়েছে। তবে দীর্ঘদিনেও বেশিরভাগ ক্ষেত্রে তার কার্যকারিতা রয়ে গেছে শুধু কাগজে কলমেই। নারীর প্রতি যৌন নির্যাতন ও হয়রানি প্রতিরোধে হাইকোর্টের এ সংক্রান্ত নির্দেশনা কমিটিগুলোকে কার্যকর করে তোলা জরুরি বলে মনে করা হচ্ছে।

২০০৮ সালের ৭ আগস্ট বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতির নির্বাহী পরিচালক অ্যাডভোকেট সালমা আলী কর্মস্থল এবং শিক্ষাঙ্গনে নারী ও শিশুদের যৌন হয়রানি প্রতিরোধের জন্য দিকনির্দেশনা চেয়ে হাইকোর্টে জনস্বার্থে একটি রিট করেন। শুনানি শেষে ২০০৯ সালের ১৪ মে রায় দেন হাইকোর্ট। রায়ে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসহ সব প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধে অভিযোগ গ্রহণের জন্য 'যৌন হয়রানি প্রতিরোধ কমিটি' গঠনসহ বিভিন্ন নির্দেশনা দেওয়া হয়। নবম শ্রেণির শিক্ষার্থী অরিত্রী অধিকারী আত্মহত্যা করে। এ ঘটনায় করা মামলায় প্রতিষ্ঠানটির দুই শিক্ষিকা নাজনীন ফেরদৌস ও জিনাত আক্তারের বিরুদ্ধে রায় চতুর্থ দফায় পিছিয়েছে। আগামী ৩ জুন রায়ের নতুন তারিখ ধার্য রয়েছে। সংশ্লিষ্টরা বলছেন, শুধু অরিত্রী নয়- স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ও মাদরাসাপড়ুয়া এমন বহু শিক্ষার্থী রয়েছেন যারা হয়রানির শিকার। যাদের অনেকে মানসিকভাবে ভেঙে পড়ে একপর্যায়ে আত্মহত্যার পথ বেছে নেন। তাদের বিষয়ে দ্রুত ইতিবাচক পদক্ষেপ নেওয়া দরকার। এরপর দীর্ঘ সময়েও হাইকোর্টের নির্দেশনা পুরোপুরিভাবে বাস্তবায়ন করা হয়নি। অভিযোগ আছে, আদালতের নির্দেশনা অনুযায়ী যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন করা হচ্ছে না। আবার কোথাও কোথাও নির্দেশনা অনুযায়ী কমিটি হলেও সেটি হয় একেবারেই দায়সারাভাবে, যা কার্যত অকার্যকরই থেকে যায়।

২০০৮ সালের ওই রায়ের পরপরই বহু পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন করা হয়। তবে এসময়ের মধ্যে দেশের সব সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে এখনো যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন করা হয়েছে কি না, তার তথ্য সুনির্দিষ্ট করতে পারেনি কর্তৃপক্ষ। আবার কমিটি গঠন করা হলেও বেশিরভাগ শিক্ষার্থী-শিক্ষক এবং সংশ্লিষ্টরা এ প্রতিরোধ কমিটি সম্পর্কে জানেন না। শিক্ষাঙ্গনে যৌন হয়রানির ঘটনা পর্যবেক্ষণে দেখা যায়, ছেলে শিক্ষার্থী ছাড়াও শিক্ষকরা এখন এসব ঘটনায় অভিযুক্ত হচ্ছেন।

হাইকোর্টের রায়ের ১৩ বছর পর ২০২১ সালে দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন করা হয়। পরের বছর ২০২২ সালে সব বিচারিক আদালতে এ কমিটি করতে সুপ্রিম কোর্ট প্রশাসন থেকে চিঠি পাঠানো হয়। তবে, সব আদালতে কমিটি গঠন হয়েছে কি না, তার কোনো সঠিক তথ্য নেই কারও কাছে। অন্যদিকে, সরকারি-বেসরকারি অন্য সব কর্মক্ষেত্রেও যৌন হয়রানি রোধে কমিটি গঠনের তথ্যও অজানা। সবশেষ গত ৩১ মার্চ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতিতে (বার অ্যাসোসিয়েশনে) যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন করা হয়েছে। হাইকোর্টের নির্দেশনায় পাঁচ সদস্যের কমিটির কথা বলা হলেও বারের কমিটিতে তিনজন পুরুষ ও ছয়জন নারী নিয়ে নয়জন সদস্য রাখা হয়েছে। ২০১৮ সালের ডিসেম্বরে রাজধানীর স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠান ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের নবম শ্রেণির শিক্ষার্থী অরিত্রী অধিকারী আত্মহত্যা করে। এ ঘটনায় করা মামলায় প্রতিষ্ঠানটির দুই শিক্ষিকা নাজনীন ফেরদৌস ও জিনাত আক্তারের বিরুদ্ধে রায় চতুর্থ দফায় পিছিয়েছে। আগামী ৩ জুন রায়ের নতুন তারিখ ধার্য রয়েছে। সংশ্লিষ্টরা বলছেন, শুধু অরিত্রী নয়- স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ও মাদরাসাপড়ুয়া এমন বহু শিক্ষার্থী রয়েছেন যারা হয়রানির শিকার। যাদের অনেকে মানসিকভাবে ভেঙে পড়ে একপর্যায়ে আত্মহত্যার পথ বেছে নেন। তাদের বিষয়ে দ্রুত ইতিবাচক পদক্ষেপ নেওয়া দরকার।

যৌন নিপীড়ন নিয়ে দেশে আলাদা কোনো আইন নেই। ২০০৮ সালে এক রিট আবেদনের প্রেক্ষিতে ২০০৯ সালের ১৪ মে হাইকোর্টের একটি নীতিমালাই এখন পর্যন্ত এ বিষয়ে প্রতিকার পাওয়ার একমাত্র অবলম্বন। সে নীতিমালায় প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্মস্থলে নারীকে প্রধান করে যৌন নিপীড়নবিরোধী পাঁচ সদস্যের কমিটি গঠনের কথা বলা আছে। দেড় দশক পরে এসে দেখা যাচ্ছে, বেশিরভাগ উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানে 'যৌন নিপীড়ন প্রতিরোধ সেল' থাকলেও উদ্দেশ্য সফল হচ্ছে না। হাইকোর্ট আলাদা আইন করার কথাও বলেছে। সেই আইন হয়নি ১৫ বছরেও। নীতিমালা অনুযায়ী সর্বোচ্চ ১২০ কার্যদিবসের মধ্যে ব্যবস্থা নেওয়ার কথা বলা থাকলেও শিক্ষক ইমনের বিরুদ্ধে আড়াই বছরেও ব্যবস্থা নেওয়া যায়নি। তাও সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের এক নারী শিক্ষার্থীর আত্মহত্যাকে কেন্দ্র করে গড়ে ওঠা আন্দোলনে তার প্রসঙ্গটি সামনে আসায় এবার তাকে সাময়িক বরখাস্ত করা হয়। দুই বছর আগে একটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ২০০ জন শিক্ষার্থীর ওপর জরিপ চালিয়ে দেখেছেন, নিপীড়নের প্রতি ১০টি ঘটনার মধ্যে ৯টিই চাপা পড়ে যায়। কারণ, অভিযোগ দিলে কাজ হবে, আস্থার এমন পরিবেশ তৈরি হয়নি। একটি আন্তর্জাতিক সংস্থার জরিপেও একই ধরনের চিত্র ফুটে উঠেছে। একাধিক ক্ষেত্রে দেখা গেছে, অভিযোগকারীর গোপনীয়তা লঙ্ঘন হয়েছে, অভিযোগ করে উল্টো হয়রানির শিকার হতে হয়েছে। এ অবস্থায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত শিক্ষার্থীদের পক্ষ থেকে উপাচার্যের সরাসরি তত্ত্বাবধানে যৌন নিপীড়ন প্রতিরোধ কমিটি গঠনের দাবি তোলা হয়েছে। তারা বলছেন, এখন যে সেল আছে তাতে সিন্ডিকেট এবং প্রক্টরিয়াল বডির প্রভাব থাকে, তাই সেখানে অভিযোগ করাও ঝুঁকিপূর্ণ।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য এবং জাতীয় মানবাধিকার কমিশনের সদস্য প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ জাগো নিউজকে বলেন, শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে যৌন হয়রানি নিরসনে উচ্চ আদালতের সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও নির্দেশনা বিষয়ে সচেতনতার অভাব রয়েছে। কর্তৃপক্ষের জবাবদিহি ও মনিটরিংয়ের অভাব রয়েছে। অভিযোগ দায়েরের ক্ষেত্রে অভিযোগ বক্সের পাশাপাশি অনলাইনে অভিযোগের ব্যবস্থা এবং ভুক্তভোগী ও অভিযুক্ত উভয়েরই পরিচয় প্রকাশে গোপনীয়তা অবলম্বন করতে হবে। মিথ্যা অভিযোগের প্রমাণ পাওয়া গেলে দায়ী ব্যক্তির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থার বিধান থাকতে হবে।

সেন্টার ফর অ্যাডভান্সড লিগ্যাল স্টাডিজ পরিচালক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. শাহনাজ হুদা জাগো নিউজকে বলেন, শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে যৌন হয়রানি নিরসনে উচ্চ আদালতের ১১ দফা সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও দেশে বিদ্যমান পুরুষতান্ত্রিক সমাজব্যবস্থা, যৌন সহিংসতায় ভুক্তভোগী নারীর সম্মানহানির ভয়, যৌন সহিংসতায় ভুক্তভোগী নারীকে সমাজে গ্রহণের মানসিকতা তৈরি না হওয়া এবং বিচারহীনতার কারণে এর সুষ্ঠু বাস্তবায়ন সম্ভব হচ্ছে না।

হাইকোর্টের নীতিমালায় বলা হয়েছে, ঘটনা ঘটার পর সাধারণভাবে ৩০ কার্যদিবসের মধ্যে অভিযোগ করতে হবে। এরপর অভিযোগ কমিটি আরও ৩০ কার্যদিবসের মধ্যে সুপারিশসহ তদন্ত প্রতিবেদন জমা দেবে। প্রয়োজনে আরও ৩০ কার্যদিবস বাড়ানো যাবে। অভিযুক্তের বিরুদ্ধে যৌন নিপীড়নের অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তা অসদাচরণ হিসেবে গণ্য করবে এবং সব সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রের শৃঙ্খলাবিধি অনুসারে ৩০ কার্যদিবসের মধ্যে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে। অভিযোগটি কোনো দণ্ডযোগ্য অপরাধ হলে সেটি আদালতে পাঠাতে

হবে। এ হিসাবে সব অভিযোগ ছয় মাসের মধ্যে নিষ্পত্তি হওয়ার কথা। কিন্তু বহু অভিযোগ দিনের পর দিন পড়ে থাকে, প্রতিকার বা এর কোনো পদক্ষেপ গ্রহণ করা হয় না।

রায়ের ১৩ বছর পর ২০২১ সালে সুপ্রিম কোর্টে যৌন নিপীড়ন রোধে কমিটি গঠন করা হয়েছে। সর্বোচ্চ আদালত প্রাঙ্গণে যৌন হয়রানির অভিযোগ গ্রহণ, তদন্ত পরিচালনা এবং এ বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ করতে ২০২১ সালের নভেম্বরে ৫ সদস্যের সুপ্রিম কোর্ট কমিটি গঠন করা হয়। কমিটির চেয়ারপারসন করা হয়েছিল আপিল বিভাগের বিচারপতি কৃষ্ণা দেবনাথকে। কমিটির অন্য সদস্যরা হলেন- হাইকোর্টের বিচারপতি কাজী জিনাত হক, আপিল বিভাগের রেজিস্ট্রার মো. বদরুল আলম ভূঁইয়া, অ্যাডভোকেট ফওজিয়া করিম ফিরোজ ও অ্যাডভোকেট তামান্না ফেরদৌস। ১৩ বছর আগে হাইকোর্টের দেওয়া রায়ের পরিপ্রেক্ষিতে এ কমিটি গঠন করা হয়। ২০২২ সালের ২৩ মার্চ দেশের সব জেলা জজ আদালত, মহানগর দায়রা জজ আদালত, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে (নিজ প্রতিষ্ঠানে) যৌন হয়রানি রোধে কমিটি গঠনের নির্দেশনা দেয় সুপ্রিম কোর্ট প্রশাসন। সুপ্রিম কোর্টের যৌন হয়রানি প্রতিরোধ কমিটির সদস্য ও আপিল বিভাগের রেজিস্ট্রার মো. বদরুল আলম ভূঞার সই করা চিঠিতে এ নির্দেশনা দেওয়া হয়। নির্দেশনায় ১৫ কার্যদিবসের মধ্যে সব জেলা ও দায়রা জজ, মেট্রোপলিটন দায়রা জজ, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটকে কমিটি গঠন করে সুপ্রিম কোর্টে প্রতিবেদন জমা দিতে বলা হয়।

২০০৯ সালের ১৪ মে যৌন হয়রানির অভিযোগ তদন্তের জন্য প্রতিটি কর্মক্ষেত্র এবং প্রতিষ্ঠানে একজন নারীর নেতৃত্বে পাঁচ সদস্যের যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠনের নির্দেশ দেন হাইকোর্ট। রায়ে বলা হয়েছিল, কমিটির অধিকাংশ সদস্যই নারী হতে হবে। এছাড়া দেশের যে কোনো স্থানে নারী, মেয়ে ও শিশুদের যে কোনো ধরনের শারীরিক, মানসিক বা যৌন হয়রানি রোধে সরকারকে নির্দেশিকা অনুযায়ী একটি আইন প্রণয়নের নির্দেশনাও দিয়েছেন হাইকোর্ট। (জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## ফখরুলের কাছে ৬০ লাখ কারাবন্দির তালিকা চাইলেন কাদের

বিএনপির ৬০ লাখ নেতাকর্মী কারাবন্দি, দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের এমন দাবি নাকচ করে দিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। বিএনপি মহাসচিবকে এ বিষয়ে চ্যালেঞ্জ করে এসব কারাবন্দির তালিকা চেয়েছেন তিনি। সোমবার (১৫ এপ্রিল) দুপুর ১২টায় ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ওবায়দুল কাদের এ তালিকা চান। ওবায়দুল কাদের বলেন, আমি মির্জা ফখরুল ইসলামকে চ্যালেঞ্জ করছি। ছিল ২০ হাজার, হয়ে গেলো ৬০ লাখ! অবিলম্বে ৬০ লাখ বন্দির তালিকা প্রকাশ করুক। না হয় মিথ্যাচারের জন্য জাতির কাছে মির্জা ফখরুলকে ক্ষমা চাইতে হবে। বিএনপির সমালোচনা করে ওবায়দুল কাদের বলেন, ১৭ এপ্রিল মুজিবনগর দিবস। স্বাধীন বাংলাদেশের প্রথম সরকারের শপথ দিবস, সেই দিনটি তারা অস্বীকার করে। ১০ এপ্রিল প্রথম স্বাধীন বাংলাদেশের সরকার গঠন হয়, সেটা অস্বীকার করে। বিএনপি বাঙালি সংস্কৃতির চেতনা নিয়ে ইতিবাচক রাজনীতি করবে, এটা আমি বিশ্বাস করি না।

বাংলাদেশের স্বাধীনতার চেতনা ধ্বংস করার জন্য বিএনপির জন্ম, এমন মন্তব্য করে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, তারা বাংলাদেশের অস্তিত্বের মূলে আঘাত করতে চায়। একাত্তরে তাদের যে ভূমিকা, হঠাৎ করে বাঁশিতে ফুঁ দিয়ে এমনিই তিনি ঘোষক হয়ে গেলেন! ২৪ বছরের যে আন্দোলন, এসবের কোনো দাম নেই? নিত্যপণ্যের দাম নিয়ন্ত্রণে রাখতে রমজানে সরকারের বেশ কিছু কার্যক্রম চলমান ছিল। তা অব্যাহত থাকবে কি না এমন এক প্রশ্নের জবাবে তিনি বলেন, যতদিন জনগণের প্রয়োজন থাকবে, ততদিন এ প্রোগ্রাম থাকবে। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিনন নাছিম, সাংগঠনিক সম্পাদক মির্জা আজম, বি এম মোজাম্মেল হক, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক অসীম কুমার উকিল, ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক আমিনুল ইসলাম আমিন, উপ-দফতর সম্পাদক সায়েম খান প্রমুখ।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## ইদের আগে বড় মেয়েকে নিয়ে বাংলাদেশ ছেড়েছেন জাপানি মা এরিকো

ইদের আগে বড় মেয়ে জেসমিন মালিকাকে সঙ্গে নিয়ে দেশ ছেড়ে গেছেন জাপানি নাগরিক নাকানো এরিকো। তার বিষয়ে আদালত অবমাননার অভিযোগটি শুনানির জন্য উপস্থাপন করা হয়েছিল আজ। বিষয়টি সুপ্রিম কোর্টের নিয়মিত ও পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানির জন্য ২১ এপ্রিল ঠিক করেছেন আপিল বিভাগের চেম্বার জজ আদালত। জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেন ব্যারিস্টার রাশনা ইমাম। সোমবার (১৫ এপ্রিল) আপিল বিভাগের বিচারপতি মো. আশফাকুল ইসলামের চেম্বার জজ আদালত এই আদেশ দেন। আদালতে ওই মেয়ের বাঙালি বাবা ইমরান শরীফের পক্ষে শুনানিতে ছিলেন ব্যারিস্টার আখতার ইমাম, তার সঙ্গে ছিলেন ব্যারিস্টার রাশনা ইমাম ও ব্যারিস্টার রেশাদ ইমাম। এর আগে ৯ এপ্রিল বিকেল সাড়ে ৩টায় এয়ার ইন্ডিয়ার ফ্লাইটে বড় মেয়েকে নিয়ে বাংলাদেশ ছাড়েন তার মা নাকানো এরিকো। সেখান থেকে পরে চলে যান জাপান। ওই মেয়ের বাবা ইমরান শরীফ জানান, আদালতের স্থিতাবস্থা থাকার পরও

নাকানো এরিকো আদেশ অমান্য করে জেসমিন মালিকাকে নিয়ে বাংলাদেশ ছেড়ে গেছেন। দেশ ছেড়ে চলে যাওয়ার পর আদালতের আদেশ অমান্য করার দায়ে নাকানো এরিকোর বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগ করেন ইমরান শরীফ। আজ ওই আবেদনের ওপর শুনানির জন্য আপিল বিভাগের চেম্বার জজ আদালতে উপস্থাপন করা হয়। সেটি শুনানি নিয়ে কোনো আদেশ না দিয়ে বিষয়টি সুপ্রিম কোর্টের আপিল বিভাগের নিয়মিত ও পূর্নাঙ্গ বেঞ্চে শুনানির জন্য ২১ এপ্রিল দিন ধার্য করা হয়। ইমরান শরীফের আইনজীবী ব্যারিস্টার রাশনা ইমাম জাগো নিউজকে বলেন, সন্তানদের দেশের বাইরে যেতে আদালতের স্থিতাবস্থা ছিল। তা সত্ত্বেও বড় সন্তানকে নিয়ে নাকানো এরিকো চলে গেছেন। এ কারণে আমরা আদালত অবমাননার আবেদন করেছি। ওইদিন (২১ এপ্রিল) সন্তানদের বিষয়ে হাইকোর্টে করা রিভিশনে যে রায় দেওয়া হয়েছে তাতে স্বামী-স্ত্রী (কন্যাদের মা এবং বাবা) উভয়ে সিভিল আপিল আবেদন করেন। ওই দুটি সিভিল আপিল আবেদন এবং নাকানো এরিকোর বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগ মোট তিনটি বিষয় একসঙ্গে শুনানি হবে। রায়ে বলা হয়েছে, প্রথম ও তৃতীয় মেয়েকে নিয়ে নাকানো এরিকো বাংলাদেশে বা যে কোনো দেশে বসবাস করতে পারবেন। তবে বাবা সন্তানদের সঙ্গে দেখা সাক্ষাৎ করার সুযোগ পাবেন। একইভাবে দ্বিতীয় মেয়ে লাইলা লিনা বাংলাদেশি বাবা ইমরান শরীফের কাছে থাকবেন। তবে জাপানি মা দ্বিতীয় মেয়ের সঙ্গে দেখা করার সুযোগ পাবেন। এ বিষয়ে আপিল আংশিক মঞ্জুর করে সেদিন হাইকোর্টের বিচারপতি মামনুন রহমানের একক বেঞ্চ এই রায় দেন। এর আগে ঢাকার জেলা জজ আদালত বাংলাদেশে থাকা জাপানি দুই শিশু জেসমিন মালিকা ও লাইনা লিনা জাপানি মায়ের কাছে থাকবে বলে রায় দেন। এই রায়ের বিরুদ্ধে হাইকোর্টে রিভিশন করেন ইমরান শরীফ। ওই রিভিশনের শুনানি নিয়ে এই রায় দেন হাইকোর্ট।(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## সিলেটে বিদ্যুৎ কেন্দ্রে আগুন, নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ৫ ইউনিট

সিলেটের কুমারগাঁও ২২৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। সোমবার (১৫ এপ্রিল) সকাল পৌনে ৯টার দিকে বিদ্যুতের লাইন থেকে আগুনের সূত্রপাত হয়। সকাল ১০টা পর্যন্ত আগুন জ্বলছিল। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে চেষ্টা চালিয়ে যাচ্ছে। নাম প্রকাশে অনিচ্ছুক এক প্রকৌশলী জানান, ধারণা করছি ৩৩ কেভি বৈদ্যুতিক তারের শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়। সোয়া ৯টার দিকে ওই লাইনের নিচে থাকা ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের পরিত্যক্ত এয়ার ফিল্টারে আগুন লেগে যায়। ফায়ার সার্ভিসের সদস্যরা উপস্থিত হয়ে আগুন নেভাতে চেষ্টা করছেন। সিলেট ফায়ার স্টেশনের কন্ট্রোল রুম থেকে মামুন জাগো নিউজকে জানান, ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট কাজ করছে। আগুন নিয়ন্ত্রণে আছে। বড় কোনো দুর্ঘটনার আশঙ্কা নেই।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## ভিপি নূরের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নূরের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন চট্টগ্রামের একটি আদালত। সোমবার (১৫ এপ্রিল) চট্টগ্রাম সাইবার ট্রাইব্যুনালের বিচারক জহিরুল কবির ডিজিটাল নিরাপত্তা আইনে করা একটি মামলার শুনানি শেষে এ আদেশ দেন। এর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এবং ছাত্রলীগ ও যুবলীগ নিয়ে কটুক্তির অভিযোগ এনে ভিপি নূরের বিরুদ্ধে মামলা করেন শাহরিয়ার ইয়াসির আরাফাত নামে ছাত্রলীগের সাবেক এক নেতা। ট্রাইব্যুনালের রাষ্ট্রপক্ষের কৌঁসুলি মেজবাহ উদ্দিন চৌধুরী জাগো নিউজকে জানিয়েছেন, ২০২২ সালে ছাত্রলীগ নেতা ডিজিটাল নিরাপত্তা আইনে ভিপি নূরের বিরুদ্ধে মামলাটি করেন। আদালত মামলাটি তদন্তের জন্য পুলিশের অপরাধ তদন্ত বিভাগ সিআইডিকে নির্দেশ দেন। সম্প্রতি তদন্ত শেষে সিআইডি ভিপি নূরের বিরুদ্ধে আদালতে প্রতিবেদন দেয়। সোমবার আদালত প্রতিবেদনটি গ্রহণ করে নূরের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির নির্দেশ দেন।

আদালতের নথি সূত্র জানায়, ২০২২ সালের ১৪ জুন ডাকসুর সাবেক ভিপি নুরুল হকের বিরুদ্ধে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক আইন সম্পাদক শাহরিয়ার ইয়াসির আরাফাত বাদী হয়ে সাইবার ট্রাইব্যুনাল চট্টগ্রাম ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করেন। মামলার অভিযোগে বলা হয়, ২০২২ সালের ১ জুন নূর বাংলা নিউজ বিডি নামের একটি পেজ থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, শিক্ষামন্ত্রী, ছাত্রলীগ ও যুবলীগকে নিয়ে কটুক্তি করেন এবং ফেসবুকে তা পোস্ট করেন। পরে তা সামাজিক যোগাযোগমাধ্যমে দেশে-বিদেশে ছড়িয়ে পড়ে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## সন্দেহভাজন আরও এক কুকি-চিন সদস্য কারাগারে

বান্দরবানে সন্দেহভাজন আরও এক কুকি-চিন সদস্যকে কারাগারে পাঠিয়েছেন আদালত। সোমবার (১৫ এপ্রিল) দুপুরে বান্দরবানের চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হলে বিচারক মাইসুমা সুলতানা তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। তার নাম হাও লিয়ান বম (৬৭)। তিনি বান্দরবান সদরের লাইমিপাড়া এলাকার ঙুনথিলর বমের ছেলে। আদালত সূত্র জানায়, রুমায় ব্যাংক ডাকাতি, মসজিদে হামলা, ব্যাংক ম্যানেজারকে অপহরণ, টাকা-অস্ত্র লুটের ঘটনায় আরও একজনকে আদালতে হাজির করা হয়। পরে চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মাইসুমা

সুলতানা তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। আদালতের জিআরও বিশ্বজিত সিংহ জানান, লিয়ান বম নামে একজনকে আদালতে হাজির করা হলে তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন বিচারক। এর আগে রুমা-থানচিতে একই ঘটনায় ৬৩ জনকে কারাগারে পাঠিয়েছে আদালত।(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষ, উপজেলা চেয়ারম্যানসহ গ্রেফতার ৪২

ফরিদপুরের সালথায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দফায় দফায় সংঘর্ষের ঘটনায় অভিযান চালিয়েছে পুলিশ। এসময় সালথা উপজেলা চেয়ারম্যান মো. ওয়াদুদ মাতুব্বরসহ ৪২ জনকে গ্রেফতার করা হয়। সোমবার (১৫ এপ্রিল) বিকালে জেলার অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) মোহাম্মদ ইমদাদ হুসাইন তাদের গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেছেন। এর আগে রোববার (১৪ এপ্রিল) দিবাগত রাতে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

পুলিশ জানায়, রোববার সালথার গট্টি ইউনিয়নের কাঁঠালবাড়িয়া গ্রামে দেশীয় অস্ত্র নিয়ে প্রতিপক্ষের বাড়িতে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। এ ঘটনায় জড়িত অভিযোগে উপজেলা চেয়ারম্যান মো. ওয়াদুদ মাতুব্বরসহ ৩০ জনকে গ্রেফতার করা হয়। অন্যদিকে শনিবার বিকেলে উপজেলার মাঝারদিয়া ইউনিয়নের মাঝারদিয়া গ্রামে আধিপত্য বিস্তার নিয়ে আওয়ামী লীগের দুই গ্রুপের দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটে। এতে এক বীর মুক্তিযোদ্ধাসহ অন্তত ৩৫ জন আহত হন। আহতদের মধ্যে ২০ জনকে ফরিদপুরের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়। এ ঘটনায় জড়িত অভিযোগে একই রাতে অভিযান চালিয়ে পুলিশ অপর ১২ জনকে গ্রেফতার করা হয়। এ ব্যাপারে সালথা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ ফায়েজুর রহমান বলেন, অভিযান চালিয়ে উপজেলার বিভিন্ন স্থান থেকে ৪২ জনকে গ্রেফতার করা হয়। এরমধ্যে সালথার গট্টি ইউনিয়নের কাঁঠালবাড়িয়ার ঘটনায় ৩০ জন ও মাঝারদিয়া গ্রামের ঘটনায় অপর ১২ জনকে গ্রেফতারর করা হয়। এ বিষয়ে ফরিদপুরের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) মোহাম্মদ ইমদাদ হুসাইন বলেন, দুটি ঘটনায় পৃথক মামলা হয়েছে। জড়িত বাকি আসামিদের গ্রেফতারে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে।(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

## এবার ইদ ও নববর্ষে কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি

ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার হাবিবুর রহমান বলেছেন, আমি ডিএমপির সহকর্মীদের নিয়ে গর্বিত। কারণ ডিএমপির প্রতিটি সদস্যের তৎপরতার কারণেই এবার রমজান, ইদ ও বাংলা নববর্ষে কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। সোমবার (১৫ এপ্রিল) ডিএমপি হেডকোয়ার্টার্সে ইদুল ফিতর পরবর্তী পুনর্মিলনী অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। ইদের ছুটি শেষে প্রথম কর্মদিবসে ডিএমপি হেডকোয়ার্টার্সে কর্মরত সব পুলিশ কর্মকর্তা-কর্মচারী, দাপ্তরিক কর্মচারী এবং রাজারবাগ পুলিশ লাইন্সে কর্মরত সবস্তরের পুলিশ সদস্যের সঙ্গে ইদের শুভেচ্ছা বিনিময় করেন তিনি।

সবাইকে ইদ ও বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে ডিএমপি কমিশনার বলেন, ঢাকা মেট্রোপলিটন পুলিশে প্রায় ৩৪ হাজার সদস্য কাজ করেন। এটা শুধু বাংলাদেশ পুলিশের জন্য নয়, সমগ্র দেশের জন্য একটি গর্বের বিষয়। একসঙ্গে এত অফিসার ও ফোর্স দেশের আর কোনো প্রতিষ্ঠানে নেই। আমরা একসঙ্গে একটি টিম হয়ে কাজ করি। ঢাকা মহানগরীতে দুই কোটি লোক বসবাস করে তাদের নিরাপত্তা দিতে ডিএমপির প্রতিটি সদস্য কাজ করেন। তিনি বলেন, সদ্য সমাপ্ত রমজান ও ইদকে কেন্দ্র করে পুলিশের তৎপরতার জন্য কোনো ছিনতাইয়ের ঘটনা বা অজ্ঞান ও মলম পার্টির অপতৎপরতা চোখে পড়েনি। আমি আমার সহকর্মীদের নিয়ে গর্বিত। কারণ সচরাচর অতীতে যে ধরনের অপরাধ সংগঠনের কথা আমরা শুনে এসেছি তার একটি অপরাধও এবারের রমজানে সংঘটিত হয়নি। সেইসঙ্গে সদ্য সমাপ্ত পহেলা বৈশাখের নানা অনুষ্ঠান আয়োজন হয়েছে, সেখানেও কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। সবগুলো অনুষ্ঠান সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। এর মাধ্যমে ডিএমপির প্রতি নগরবাসীর যে প্রত্যাশা তার পুরোপুরি পূরণ করতে সক্ষম হয়েছে। তিনি বলেন, এবারের রমজানে কাজ শেষে নগরবাসীর বাসায় ইফতার করা একটি বড় চ্যালেঞ্জ ছিল। অতীতে আমরা দেখেছি লোকজনকে রাস্তায় ইফতার করতে। অন্যান্যবারের চেয়ে এবার ট্রাফিক পুলিশের পাশাপাশি ক্রাইম বিভাগের তৎপরতার কারণে রোজাদাররা বাসায় গিয়ে ইফতার করতে পেরেছে। অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার ও ডেপুটি কমিশনার সবাই দায়িত্ব পালন করেছেন, অনেকেই রাস্তায়ই ইফতার করেছেন। এজন্য আমি ডিএমপির ট্রাফিক বিভাগের সবাইকে ধন্যবাদ জানাই। অনুষ্ঠানে ডিএমপির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ প্রতীক)

# BBC

## US TELLS ISRAEL IT WON'T JOIN ANY IRAN RETALIATION

The White House has warned Israel that the US will not participate in any retaliatory strikes on Iran, senior administration officials have said. Over 300 drones and missiles were fired at Israel overnight, which Iran said was in response to an 1 April strike on its consulate in Syria. Almost all weapons were shot down by Israeli, US and allied forces before they reached their targets. Officials said Joe Biden urged Israel to consider its response carefully.

(BBC Web Page: 15/04/24, FARUK)

**UKRAINE'S POWER PLANTS AT THE MERCY OF RUSSIAN MISSILES**

Russia's war on Ukraine has entered a new phase. Drone and missile attacks on Ukraine's energy infrastructure are now frequent and massive, overwhelming its current air defences. They often include the same Iranian-made Shahed drones launched by Tehran at Israel. Seeing the robust response to that attack by Israel's allies, President Volodymyr Zelensky noted that when it came to Ukraine rhetoric does not protect the sky. He said the sound of those drones, whether over the Middle East or in Europe, must serve as a wake-up call to the free world. (BBC Web Page: 15/04/24, FARUK)

**MACRON SAYS PARIS OLYMPICS OPENING COULD BE MOVED**

French President Emmanuel Macron says the Paris Olympics opening ceremony could move from the River Seine if the security risk is too high. Mr Macron said it could be "limited to the Trocadero", across the Seine from the Eiffel Tower, instead of covering the planned stretch of the river. He added that it could even be moved to the Stade de France, reverting to a traditional ceremony. The opening ceremony is set to be the first to be held outside a stadium. (BBC Web Page: 15/04/24, FARUK)

**OIL PRICES DIP AFTER IRAN ATTACK ON ISRAEL**

Oil prices fell on Monday after Iran's reprisal attack on Israel over the weekend. Brent crude - a key benchmark for oil prices internationally - was lower but still trading close to $90 a barrel on Monday morning. Prices had already risen in expectation of action by Iran, with Brent crude nearing a six-month high last week. Analysts said the markets would be looking to see how the conflict could affect global supply chains.

(BBC Web Page: 15/04/24, FARUK)

**ISRAEL TO RESPOND TO IRAN ATTACK 'WHEN TIME IS RIGHT'**

Israel is weighing possible responses to Iran's attack with hundreds of drones and missiles, amid growing calls for restraint to avert a wider war. Israel and its allies shot down nearly all projectiles fired in the first ever direct Iranian attack on Israel. The US has said it will not take part in any Israeli response, to avoid an escalation in regional hostilities. Centrist Israeli minister Benny Gantz said the country would exact the price from Iran when timing is right. (BBC Web Page: 15/04/24, FARUK)

**SOMALI PIRATES FREE SHIP AFTER RANSOM REPORTEDLY PAID**

Somali pirates have released a Bangladesh-flagged vessel and its 23-member crew after a ransom was reportedly paid. The MV Abdullah was carrying coal from Mozambique to the United Arab Emirates (UAE) when it was hijacked off Somalia's coast about a month ago. The pirates alleged that they received $5m, but there is no independent confirmation of the claim. A spike in hijackings has been reported off Somalia's coast in recent months. More than a dozen vessels have been targeted since late November.

(BBC Web Page: 15/04/24, FARUK)

**FLIGHT DISRUPTIONS AFTER IRAN'S ATTACK ON ISRAEL**

Airline passengers are facing cancellations or disruption to flights to Israel and surrounding countries after Iran's airstrikes at the weekend. Israel closed its airspace on Saturday evening after Iran launched its first-ever direct assault on the country. It reopened its airspace early on Sunday morning as did Jordan, Iraq and Lebanon, which had stopped flights for a period. Easy jet has suspended flights to and from Tel Aviv up to and including 21 April. (BBC Web Page: 15/04/24, FARUK)

**GERMANY AND JORDAN SUMMON IRANIAN AMBASSADORS**

Both Germany and Jordan have summoned their Iranian ambassadors following Iran's attack on Israel on Saturday. Jordan's summoning followed what the country's foreign minister called "offensive statements" by Iranian media after the kingdom's interception of Iranian projectiles alongside the US, UK and France over the weekend. The Iranian government yesterday summoned the German, French and British enjoys over how they responded to Iran's attack on Israel over the weekend. (BBC Web Page: 15/04/24, FARUK)

**FLOODS KILL 58 IN TANZINA WITH HEAVY RAINS PERSISTING**

FLOODS have killed 58 people in Tanzania over the last two weeks, spurring the East African country to seek an answer in major infrastructure projects. The government announced the death toll late on Sunday as heavy rains continued to lash the country. April marks the peak of Tanzina's rainy season, and it has been exacerbated this year by the El Nino phenomenon, which has caused droughts and floods across the globe.

(BBC Web Page: 15/04/24, FARUK)

**::The End::**